



টিটাগড়ে গুলিবিদ্ধ তৃণমূল কর্মী। এদিন সকালে গুলিবিদ্ধ হন আনোয়ার আলি (৩০) নামের যুবক। ...*বিস্তারিত পাতা ৩*



শিলা বৃষ্টির দাপটে ভয়ঙ্কর ক্ষতি হাজার হাজার বিঘার পাকা ধান, পাট সহ একাধিক সজ্জা। ...*বিস্তারিত পাতা ৫*



বাংলাদেশকে ১ দশমিক ২৫ বিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা দেবে বিশ্বব্যাংক। ...*বিস্তারিত পাতা ৬*



বাংলাদেশ ফিরে গেলেন কেকেআর-এর উইকেট রক্ষক-ব্যাটার লিটন দাস। ...*বিস্তারিত পাতা ৮*

কুণাল ঘোষকে ‘ভবিষ্যদ্রষ্টা’ বলে উল্লেখ বিচারপতি গঙ্গোপাধ্যায়ের, পাল্টা বললেন তৃণমূল নেতা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ সুপ্রিম কোর্টের নির্দেশ। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে সরল নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলা। কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতিকে নিয়োগ দুর্নীতি মামলা অন্য বিচারপতির বেষ্টে পাঠানোর নির্দেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের ইন্টারভিউ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলের রিপোর্ট পড়ার পরেই এই নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের এই রায়কে স্বাগত জানিয়েছেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। একই প্রতিক্রিয়া কুণাল ঘোষেরও। এদিন সাংবাদিকদের উত্তরে কুণাল বলেন, “সুপ্রিম কোর্ট সব বিবেচনা করে রায় দিয়েছেন, তার উপরে নতুন কোনো মন্তব্যের অবকাশ থাকে না। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস বিচার ব্যবস্থার উপর পূর্ণ আস্থা আছে।” তাঁর দাবি, বিচারপতি গঙ্গোপাধ্যায় রাজ্যের বিরোধী দলকে অস্বীকৃতি দিচ্ছিলেন, তিনি সেটারই প্রতিবাদ করেছেন। এরপরেই বিচারপতি গঙ্গোপাধ্যায়কে প্রণাম জানিয়ে কুণালের মন্তব্য, “জার্সি প্রগ্রাম, শ্রদ্ধা ও শুভেচ্ছা। তার সাথে আমার ব্যক্তিগত কোনও বিরোধ নেই। মামলার বিচার করতে গিয়ে অন্যায়ের বিরুদ্ধে যদি কোনও ব্যবস্থা নিন, সেটা আমরা ডিফেন্ড করতে যাব না। তবে উনি তাঁর স্যোরে বসে আমার দল, দলনেতা সম্পর্কে অবাস্তবিক মন্তব্য করেছেন, যা বলা যায় না, আমি একজন বনধের কর্মী হিসেবে সেটুকু বিরোধিতা করেছি।” প্রসঙ্গত, এদিন সুপ্রিম কোর্টের নির্দেশ শোনার পরে নিজের এজলাসে বসেই বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেন, “কুণাল ঘোষকে আমার ভয়ানক জানাবেন।” কুণাল ঘোষকে ভবিষ্যৎ দ্রষ্টা হিসাবে উল্লেখ করে বিচারপতির মন্তব্য, “কুণাল ঘোষকে আমার প্রণাম জানানো। তিনি যা ভবিষ্যদ্বাণী করেছিলেন, তা পুরোপুরি মিলে গিয়েছে। তিনি এত বড় ভবিষ্যৎদ্রষ্টা তা আমার জানা ছিল না। তাঁর পুরো কথা মিলে গিয়েছে।”

ফের পিছিয়ে গেল ডিএ মামলার শুনানি

নয়াদিল্লি, ২৮ এপ্রিলঃ আবার পিছিয়ে গেল ডিএ মামলার শুনানি। নতুন শুনানি হবে ১২ জুলাই। গরমের ছুটির পর নতুন বেঞ্চে হবে শুনানি। ১২ মে থেকে দেশের সর্বোচ্চ আদালতে গরমের ছুটি পড়ে যাচ্ছে। ফলে নতুন শুনানি হবে গরমের ছুটির পর। শুক্রবার বিচারপতি দীনেশ মাহেশ্বরী এবং বিচারপতি সঞ্জয় কারোলের ডিভিশন বেঞ্চে মামলাটি ওঠে। তবে মামলার কোনও নিষ্পত্তি হয়নি। বরং সেই মামলার শুনানি পিছিয়ে গিয়েছে। বিষয়টি নিয়ে কনফেডারেশন অফ স্টেট গার্মেন্টস এমপ্লয়িজের সাধারণ সম্পাদক মলয় মুখোপাধ্যায় বলেন, “সরকারি আইনজীবী উপস্থিত না থাকায় সরকারের জুনিয়র আইনজীবী আজ পাসওভার চান। (শুক্রবার, ২৮ এপ্রিল) বহু মামলা থাকায় আজ সুপ্রিম কোর্টে মামলার শুনানি হয়নি।” তিনি জানিয়েছেন, সুপ্রিম কোর্টে আগামী ১২ জুলাই মামলার শুনানির দিন ঘাট করেছিল বিচারপতি দীনেশ মাহেশ্বরী এবং বিচারপতি সঞ্জয় কারোলের ডিভিশন বেঞ্চ। তবে রাজ্য সরকারি কর্মচারীদের অনেকের আশা করেছিলেন যে আজ ডিএ মামলার নিষ্পত্তি হয়ে যাবে। কারণ আজ ছয় নম্বর আদালতকক্ষে বিচারপতি মাহেশ্বরী এবং বিচারপতি কারোলের বেঞ্চে কোনও ‘পার্ট হার্ড’ মামলা ছিল। যা শেষ কয়েকটি শুনানিতে ডিএ মামলার পক্ষে ‘মামলা’ কাঁট হয়ে দাঁড়াচ্ছিল। কিন্তু তাতেও কোনও লাভ হল না। ফের ডিএ মামলার শুনানি পিছিয়ে গেল। জুলায়ার মাস থেকে ডিএ মামলার শুনানি লাগাতার পিছিয়ে যাচ্ছে।

বিরাট নির্দেশ সুপ্রিম কোর্টের নিয়োগ দুর্নীতি মামলা থেকে সরিয়ে দেওয়া হল বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে

নয়াদিল্লি, ২৮ এপ্রিলঃ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলার শুনানিতে কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে নিয়োগ দুর্নীতি নির্দেশ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির একটি মামলা আর শুনতে পারবেন না। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতিকে নিয়োগ দুর্নীতি মামলা অন্য বিচারপতির বেষ্টে পাঠানোর নির্দেশ দিলেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের ইন্টারভিউ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলের রিপোর্ট পড়ার পরেই এই নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। যদিও নিয়োগ দুর্নীতির সমস্ত মামলা নাকি একটি মামলা থেকে সরানো হল বিচারপতি গঙ্গোপাধ্যায়, তা এখনও পর্যন্ত স্পষ্ট নয়। সিলিসিটর জেনারেল তুষার মেহতা অবশ্য সওয়াল করে বলেন, “বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় কাজের বাধা

সরিয়ে কীভাবে কাজ করেছেন।” প্রাক্তন সিলিসিটর জেনারেল রঞ্জিত কুমারও সওয়াল করেন, যাতে বিচারপতিকে এভাবে যাতে সরিয়ে দেওয়া না হয়। তাঁর অভিযোগ, একজন সাংসদ জনসভা থেকে



হুমকি দিচ্ছে বিচারপতি সম্পর্কে। তুষার মেহতা বলেন, “এই নির্দেশের ভুল লার্ড যাবে। কিন্তু তাতেও বিশেষ লাভ হানি।” বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এজলাসের নিয়োগ দুর্নীতির মামলা অন্য বিচারপতিকে দেওয়ার নির্দেশ

সুপ্রিম কোর্ট। পশ্চিমবঙ্গে নিয়োগ দুর্নীতি সংক্রান্ত সব মামলা বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে সরিয়ে নিতে হবে। এমনই নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান

বিজেপির রাজভবন অভিযান ঘিরে ধুকুমার, নেতাদের আটক করল পুলিশ



দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ বিজেপির রাজভবন অভিযান ঘিরে ধুকুমার পরিস্থিতি তৈরি হল কলকাতার রাজপথে। কলকাতা পুলিশ বাধা দিতেই অবস্থান বিক্ষোভ শুরু করেন বিজেপির যুব মোর্চার নেতা-কর্মীরা। পুলিশের সঙ্গে রীতিমতো ধাওয়া চলল নেতা-কর্মীদের। শুক্রবার দুপুরে রাজভবন অভিযানের কর্মসূচি ছিল বঙ্গ বিজেপি। কালিয়াগঞ্জের ছাত্রী মৃত্যুর ঘটনায় সিবিআই তদন্তের দাবি জানাতেই রাজভবনে যাওয়ার উদ্যোগ নেয় বিজেপি। সেখানে যাওয়ার পথেই উত্তপ্ত পরিস্থিতি তৈরি হয় রানি রাসমণি রোডে। ব্যারিকেড ভেঙে বিজেপি নেতারা এগোনোর চেষ্টা করলে তাঁদের আটকাতে যায় পুলিশ। এরপর বিজেপি নেতারা রাস্তায় বসে পড়েন। সেখান থেকেই বেশ কয়েকজনকে আটক করে নিয়ে যায় পুলিশ। অন্যদিকে, এদিন বিজেপির পরিকল্পনা ছিল, দলের সদর দফতর থেকে বেরিয়ে সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেশন হাউস রাজভবনের দিকে যাওয়া। পরে তাঁরা আচাকা রুট বদল করেন। কলেজ স্ট্রিট থেকে সোজা ওয়েলিংটন স্কোয়ারের দিকে এগিয়ে যায় মিছিল। অন্যদিকে, এদিন ওয়েলিংটন স্কোয়ারে কংগ্রেসের একটি মিছিল ছিল। দুই দলের মিছিল মুখোমুখি হয়ে যায়। পাশ দিয়ে যাওয়ার সময় প্রত্যেকে নিজের দলের পতাকা উড়িয়ে অস্তিত্ব জানান দেয়। একে অপরের বিরুদ্ধে স্লোগানও তুলতে থাকে। উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়। অন্যদিকে, কালিয়াগঞ্জের ঘটনায় উত্তরবঙ্গ জুড়ে হয় ১২ ঘণ্টার বনধ। গত সপ্তাহে এক ছাত্রীর দেহ উদ্ধার ঘিরে উত্তেজনা ছড়ায় উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে। সেই ঘটনার রেশ ধরেই এলাকার মানুষ বিক্ষোভ দেখায় গত কয়েকদিন ধরে। আগুন লাগিয়ে দেওয়া হয় কালিয়াগঞ্জ থানায়। তবে সেই উত্তেজনার পারদ আরও চড়েছে বুধবার রাতে। এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশের বিরুদ্ধে গুলি চালানোর অভিযোগ উঠেছে সেই কালিয়াগঞ্জেই। এরপরেই নতুন করে বিক্ষোভ শুরু করেছে বিজেপি। বহুসংখ্যক দিনভর অবস্থানের পর বিকলেই জানিয়ে দেওয়া হয় শুক্রবার ১২ ঘণ্টার বনধ ঢাকা হচ্ছে উত্তরবঙ্গের ৮টি জেলায়।

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ বিজেপির রাজভবন অভিযান ঘিরে ধুকুমার পরিস্থিতি তৈরি হল কলকাতার রাজপথে। কলকাতা পুলিশ বাধা দিতেই অবস্থান বিক্ষোভ শুরু করেন বিজেপির যুব মোর্চার নেতা-কর্মীরা। পুলিশের সঙ্গে রীতিমতো ধাওয়া চলল নেতা-কর্মীদের। শুক্রবার দুপুরে রাজভবন



দিয়েছেন বেসরকারি বাস মালিকরা। রাজ্যকে তিন সপ্তাহ সময় দিয়েছেন তাঁরা। সাধারণ বাসে ৫০.৭৪ শতাংশ এবং মিনিবাসে ৪৪ শতাংশ ভাড়া না বাড়ালে তিন সপ্তাহ পর রাস্তা থেকে বাস তুলে নেওয়া হবে বলেও হুমিয়ার দিয়েছেন। একইসঙ্গে নিজস্ব অ্যাপ ক্যাব পরিষেবা চালু করার কথা ভাবছে রাজ্য। বেসরকারি সবক’টি গণপরিবহন সংগঠনের জয়েন্ট ফোরামের সঙ্গে রাজ্যের পরিবহন মন্ত্রী মেহাশিস চক্রবর্তী শুক্রবার বৈঠক করেন। মূলত বাস ভাড়া বৃদ্ধি নিয়ে এই বৈঠক হয়। যদিও রাজ্য পরিবহন দফতরের তরফে স্পষ্ট করে দেওয়া হয়েছে, ২০১৮ সালের ভাড়া আপাতত চলিয়ে যাওয়ার যে নির্দেশিকা আদালত দিয়েছে, সেই নির্দেশিকা মেনেই সাধারণ বাসে ন্যূনতম ৭ টাকা এবং মিনিবাসে ন্যূনতম ৮ টাকা হারে ভাড়া নিয়ে বাস চালাতে হবে। মন্ত্রী মেহাশিস চক্রবর্তী বলেন, “সাধারণ মানুষ যাতে দেখতে পান কোন রুটে বাসভাড়া কত, তার জন্য বাসে রেটচার্ট বোলাতে হবে। কোর্টের যা নির্দেশ সেই মতো ২০১৮ সালের রেট চার্ট মেনেই আমরা নোটিফিকেশন করছি।” এদিন অ্যাপ ক্যাব পরিষেবা নিয়েও বলেন মন্ত্রী। ৬০ হাজার থেকে কমে গাড়ির সংখ্যা দাঁড়িয়েছে ১২ হাজারে। এসি চালানো নিয়ে চালক সওয়ারি বসসা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এবার এর মোকাবিলায় হলুদ ট্যাক্সিকে অ্যাপ ক্যাব করে তোলার সিদ্ধান্ত রাজ্যের। পুজোর আগেই হলুদ ট্যাক্সি, ওলা উবার-সহ বিভিন্ন অ্যাপ ক্যাব চালিয়ে লভ্যাংশ ও মুনাফা থেকে বঞ্চিত গাড়ি এবং রাজ্যের গতিধারা প্রকল্পে লোন নিয়ে গাড়ি কিনেও যে সব মালিক বা চালক বঞ্চনার শিকার, সবাইকে এক ছাতর তলায় এনে গাড়ি পরিবহন দফতর নিজস্ব অ্যাপ ক্যাব পরিষেবা চালু করতে চলেছে।

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ বাস ভাড়া বাড়ানো হবে না, জানিয়ে দিল রাজ্য। ২০১৮ সালের ভাড়া নিয়েই বাস চালাতে হবে মালিকদের। একইসঙ্গে বাসে ভাড়ার তালিকা টাঙানো বাধ্যতামূলক করছে রাজ্য। অন্যায় কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে হুমিয়ার দিলেন পরিবহন মন্ত্রী। যদিও পাশ্চাত্য হুমিয়ারি

দিয়েছেন বেসরকারি বাস মালিকরা। রাজ্যকে তিন সপ্তাহ সময় দিয়েছেন তাঁরা। সাধারণ বাসে ৫০.৭৪ শতাংশ এবং মিনিবাসে ৪৪ শতাংশ ভাড়া না বাড়ালে তিন সপ্তাহ পর রাস্তা থেকে বাস তুলে নেওয়া হবে বলেও হুমিয়ার দিয়েছেন। একইসঙ্গে নিজস্ব অ্যাপ ক্যাব পরিষেবা চালু করার কথা ভাবছে রাজ্য। বেসরকারি সবক’টি গণপরিবহন সংগঠনের জয়েন্ট ফোরামের সঙ্গে রাজ্যের পরিবহন মন্ত্রী মেহাশিস চক্রবর্তী শুক্রবার বৈঠক করেন। মূলত বাস ভাড়া বৃদ্ধি নিয়ে এই বৈঠক হয়। যদিও রাজ্য পরিবহন দফতরের তরফে স্পষ্ট করে দেওয়া হয়েছে, ২০১৮ সালের ভাড়া আপাতত চলিয়ে যাওয়ার যে নির্দেশিকা আদালত দিয়েছে, সেই নির্দেশিকা মেনেই সাধারণ বাসে ন্যূনতম ৭ টাকা এবং মিনিবাসে ন্যূনতম ৮ টাকা হারে ভাড়া নিয়ে বাস চালাতে হবে। মন্ত্রী মেহাশিস চক্রবর্তী বলেন, “সাধারণ মানুষ যাতে দেখতে পান কোন রুটে বাসভাড়া কত, তার জন্য বাসে রেটচার্ট বোলাতে হবে। কোর্টের যা নির্দেশ সেই মতো ২০১৮ সালের রেট চার্ট মেনেই আমরা নোটিফিকেশন করছি।” এদিন অ্যাপ ক্যাব পরিষেবা নিয়েও বলেন মন্ত্রী। ৬০ হাজার থেকে কমে গাড়ির সংখ্যা দাঁড়িয়েছে ১২ হাজারে। এসি চালানো নিয়ে চালক সওয়ারি বসসা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এবার এর মোকাবিলায় হলুদ ট্যাক্সিকে অ্যাপ ক্যাব করে তোলার সিদ্ধান্ত রাজ্যের। পুজোর আগেই হলুদ ট্যাক্সি, ওলা উবার-সহ বিভিন্ন অ্যাপ ক্যাব চালিয়ে লভ্যাংশ ও মুনাফা থেকে বঞ্চিত গাড়ি এবং রাজ্যের গতিধারা প্রকল্পে লোন নিয়ে গাড়ি কিনেও যে সব মালিক বা চালক বঞ্চনার শিকার, সবাইকে এক ছাতর তলায় এনে গাড়ি পরিবহন দফতর নিজস্ব অ্যাপ ক্যাব পরিষেবা চালু করতে চলেছে।

সুপ্রিম কোর্টের নির্দেশ নিয়ে মুখ খুললেন অভিষেক বন্দ্যোপাধ্যায়

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৮ এপ্রিলঃ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে বিরাট দুর্নীতি সংক্রান্ত সমস্ত মামলা স্থানান্তরের নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের করা মামলার প্রেক্ষিতে এমনই নির্দেশ দিল সর্বোচ্চ আদালত। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ওই মামলার ভিত্তিতে নিয়োগ দুর্নীতি মামলা থেকে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে সরিয়ে দেওয়া নিয়ে তুমুল আলোড়ন পড়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশের পরই এ বিষয়ে মুখ খুললেন অভিষেক। জলপাইগুড়ি থেকে তৃণমূল সাংসদ বলেন, “হাইকোর্ট, সুপ্রিম কোর্টের রায় আমাদের কাছে শিরোধার্য। সম্পূর্ণ আস্থা ভরসা বিচার ব্যবস্থার উপর রাখি। যেহেতু এটি সাব জুডিস ম্যাটার, তাই বিশেষ কোনো মন্তব্য ম্যাটার, তাই বিশেষ কোনো মন্তব্য করতে চাই না। শুধু এটুকু বলব সঠিক বিচার হোক।” অভিষেকের সংযোজন, “এই তদন্তে তৃণমূল

কংগ্রেসের যদি কেউ দোষী সাব্যস্ত হয় বা প্রমাণিত হয়, পূর্ণাঙ্গ তদন্ত হোক এবং ভারতের ম্যাটিতে দৃষ্টান্ত



স্থাপন করা হোক। নাজিরবিহীন শান্তি হওয়া দরকার। যারা দুর্নীতি করেছে তাদের বিচার হোক। বিচার ব্যবস্থার উপর আমাদের পূর্ণ আস্থা রয়েছে। দেশের শীর্ষ আদালত যে রায় দিয়েছেন, তাকে আমরা স্বাগত জানাচ্ছি। মানুষ তার ন্যায় বিচার আগামী দিনে পাবে।” এখানেই

থেকে থাকেননি অভিষেক। বলেন, “আমি যখন শহিদ মিনারে মিটিং করেছিলাম তখন বলেছিলাম গত

ঘটনা গুলিকে আমরা সুপ্রিম কোর্টে নিয়ে যাচ্ছি চ্যালেঞ্জ হচ্ছে তখন সুপ্রিম কোর্ট খারিজ করে দিচ্ছে। আমি সকলকে অনুপ্রাণিত করব বিচার ব্যবস্থায় যারা আছেন মানুষ যাতে সঠিক বিচার পায়। সেটা সুনিশ্চিত করতে হবে। বিচারব্যবস্থার উপর সম্পূর্ণ আস্থা ভরসা রয়েছে। আশা করব, মানুষ সঠিক বিচার পাবে।” শুক্রবারই অভিষেক গঙ্গোপাধ্যায়ের বেঞ্চে থেকে নিয়োগ সংক্রান্ত মামলা সরানোর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের প্রথম কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতিকে এই সংক্রান্ত নির্দেশ পাঠিয়েছে। বিচারপতি গঙ্গোপাধ্যায়কে কলকাতা হাই কোর্ট নিয়োগ দুর্নীতির মামলার শুনানি থেকে সরিয়ে দিলে, তিনি এই মামলায় যে সব রায় দিয়েছেন, তার ভিত্তিতে কী হবে, তা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে।

‘বনধ শুনে আরও ৩টে সভা যোগ করেছে!’

বিজেপির উত্তরবঙ্গ বনধকে নিশানা অভিষেকের

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৮ এপ্রিলঃ কালিয়াগঞ্জের ঘটনার প্রতিবাদে বিজেপির ১২ ঘণ্টার উত্তরবঙ্গ বনধের তুমুল সমালোচনা করলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। শুক্রবার জলপাইগুড়িতে অভিষেক বলেন, “আপনারা তো দেখছেন মানুষের স্বতঃস্ফূর্ততা। দুটোই ব্যর্থ বনধ ব্যর্থ এবং যে উদ্দেশ্যে বনধ ডেকেছে, সেটাও ব্যর্থ। মানুষ মানে না। কর্মনাশা সর্বনাশা ধর্মনাশা বনধের সংস্কৃতি বাংলার মানুষ মানে না। যারা দিন আনে দিন খায় অনেক পরিবার রয়েছে। যারা পাঁচ হাজার ছয় হাজার টাকায় চাকরি করেন। দিনে দুশো, আড়াইশো, তিনশো টাকা আয় করেন। তাদের চাকরি করতে হবে, কর্মস্থলে পৌঁছতে হবে। যারা ভাঙছে বনধ নিজদের সংগঠনের শক্তি এবং সাংগঠনিকভাবে কতটা বলিষ্ঠ সেটা মানুষের কাছে উপস্থাপিত করবে তাদের ভাবা উচিত মানুষের অসুবিধা হচ্ছে। বনধের এই সংস্কৃতি সিপিএম বাংলায় এনেছিল। আমরা সেটা উঠিয়ে দিয়েছি।



গত ১২ বছরে বাংলার মানুষ বনধ দেখেনি। ভেঙ্গে দাও, গুড়িয়ে দাও, বনধ করে দাও, জালিয়ে দাও, গুড়িয়ে দাও এই যে রাজনীতির বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস বারবার সর্বস্বত্বভাবে ব্যর্থ। জনজীবন একেবারে স্বাভাবিক। আমার নির্দিষ্ট কর্মসূচি রয়েছে সবক’টি করব। রাস্তার দু’ধারে মানুষ রয়েছে। দোকান, হাটবাজার সব খোলা। রাস্তার দু’ধারে মানুষ দেখলেই তো বোঝা যাচ্ছে।” অভিষেকের কথায়, “এরপরও জোরজবরদস্তি করে কোথাও বাস জালিয়ে দেওয়া হয়েছে সাংগঠনিক শক্তি দেখাতে চায় ওরা। মানুষের হয়রানি, মানুষের অসুবিধা করছে ওরা। এটাই ভারতীয় জনতা পার্টি। বিজেপি মানেই বাংলা জ্বালাও পাট্টা এই ভেঙে দাও, গুড়িয়ে দাও-এর রাজনীতি সিপিএম করেছে। এর অবসান ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায় করেছেন। সিপিএমের হার্মিডারা গেরুয়া জার্সি পড়ে আবার সেই সংস্কৃতি আবার সেই সন্ত্রাসের

বাতাবরণ বাংলায় আনতে চাইছে। বনধ সফল না ব্যর্থ সেটা মানুষের উপর ছেড়ে দিন না।” অভিষেক আরও বলেন, “বিজেপি কর্মীদের রাস্তায় নামতে হচ্ছে কেন। বাস ভাঙচুর করতে হচ্ছে কেন। জোর জবরদস্তি করতে হচ্ছে কেন দোকানপাট বন্ধ রাখার জন্য নির্দেশ জারি করতে হচ্ছে কেন। আপনারা বনধ ডেকেছেন সেটা মানুষ সর্মথন করছে না বর্জন করছে সেটা মানুষের উপর ছেড়ে দেওয়া হোক। এরা চায় না কখনই মানুষের পাশে এসে দাঁড়ায়, যারা রুটি-রাজি সঙ্গে দৈনন্দিন যুক্ত তাদের ভাল চায় না ওরা।” আরও একথাও এগিয়ে গিয়ে অভিষেক বলেন, “বিজেপি নেতাদের তো অসুবিধা হয় না মাথা স্যানুয়েলের মতো কেউ এসে খামে মুড়ে ৫ লাখ টাকা এসে দিয়ে যাবে তাতে সংসার চলে যাবে। সুদীপ্ত সেনের কাছ থেকে ৫ কেটি নিয়ে বসে যাবে। আর বছরের পর বছর বাড়িতে বসে সেয়ে ফুটি করবে। কিন্তু সাধারণ মানুষের জীবন কি করে চলবে। সাধারণ মানুষের আত্মসম্মান আছে তাদের কর্মস্থলে যেতে হবে। ১১ টার জায়গায় ১১.১৫ টায় পৌঁছলে তাদের আবেসেন্ট মার্ক হবে। একজন কৃষককে জমিতে চাষ করতে যেতে হয়, একজন শ্রমিককে ফ্যাক্টরিতে যেতে হয়। এই কথাগুলো কেউ ভাবে না যাদের ২০০-৬০০ টাকা করে লস হল তাদের টাকা কে দেবে? ভারতীয় জনতা পার্টি করবে ব্যবস্থা? সাধারণ মানুষকে ২০০-৬০০ টাকা করে দিয়ে তারপরে বনধ ঢাকা উচিত। যারা ভাঙচুর করেছে তাদের বিরুদ্ধে কোঠার ব্যবস্থা নেওয়া উচিত। যারা করেছে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করা উচিত। আমি উত্তরবঙ্গ ঘুরে নেড়াছি। আমার কর্মসূচি বানচাল করার চেষ্টা হতে পারে কিন্তু মানুষ বা চাইবে তাই হবে। যে রাজনৈতিক দল বনধ কেকেছিল তার গুণ্টি চটকে বাংলার মানুষ প্রমাণ করেছে বনধ সর্মথন করে না। যা সত্য ছিল তাতে বনধ শুনে আরও ৩টে সভা যোগ করেছে। দেখি কে আটকাই।”

বৃষ্টি শুরু হতেই ডিভিসির সঙ্গে বৈঠকে নবান্ন, প্রাকৃতিক বিপর্যয় আটকাতে তৎপর মুখ্য সচিব

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বন্যা পরিস্থিতির মোকাবিলায় বাঁধ সংস্থারের এখন থেকে প্রস্তুতি গ্রহণের জন্য সেচ দফতরকে নির্দেশ দিয়েছিলেন। এবার সাইক্লোন, বন্যা ও ধসের মতো প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় প্রস্তুতি বৈঠক বন্দ্যোপাধ্যায়ের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী। আগামী মঙ্গলবার নবান্ন সভায় হবে এই বৈঠকে ডিভিসি, আলিপুর আবহাওয়া অফিস, কলকাতা বন্দর, কেন্দ্রীয় জল কমিশন, সেনা-সহ সংশ্লিষ্ট কেন্দ্রীয় প্রতিষ্ঠান ও রাজ্য সরকারের দফতরগুলিকে আমন্ত্রণ জানানো হয়েছে। বন্যা ও সাইক্লোন পরিস্থিতির পূর্বাভাস ও সেই মতো ত্রান ও পূর্ণগঠনের প্রস্তুতি নিয়ে আলোচনা হবে। রাজ্য সরকার ইতিমধ্যেই প্রতিবেশী রাজ্যগুলির বন্যা পরিস্থিতি ও জলাধারগুলির জলের পরিমাণ নিয়ে ডিভিসির



চায়। যাতে জল ছাড়ার বিষয়টি রাজ্যের নজর অনেক আগে থেকে থাকে। সংশ্লিষ্ট জেলাশাসকদের সঙ্গে সঙ্গে জানাতে হবে। সেই মতো বন্যা পরিস্থিতির মোকাবিলায় প্রস্তুতি নিয়ে সম্ভব। ডিভিসির জল ছাড়া নিয়ে বিভিন্ন সময় অভিযানও ওঠে। রাজ্য সময়মতো জানতে না পারার জন্য এই সমস্যা হয়। জলধার বা

বাঁধ থেকে জল ছাড়ার কথা কিছুটা আগাম সংশ্লিষ্ট জেলাশাসকদের জানাতে হবে। প্রসঙ্গত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একাধিকবার ডিভিসির বিরুদ্ধে সরব হয়েছেন জল ছাড়া নিয়ে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকেও চিঠি লিখেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই বিষয় নিয়ে। তাই মনে করা হচ্ছে ওই দিনের বৈঠকে আগেভাগেই ডিভিসিকে সতর্ক করে দিতে পারে ফের রাজ্যের তরফে। তারই সঙ্গে রাজ্যে বন্যা পরিস্থিতি হলে কিভাবে আগেভাগে তার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে তারও আগাম নির্দেশ ওই দিনের বৈঠকে দেওয়া হতে পারে। জলধার গুলি যাতে সংস্কার হয় সেই বিষয় নিয়েও আগামী মঙ্গলবার এর বৈঠকে আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে।

রাত ১২ টার মধ্যে রেকর্ড চেয়েছিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়, তাতেও স্থগিতাদেশ সুপ্রিম কোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ সুপ্রিম কোর্টের নির্দেশ ঘিরে শুক্রবার গোটা দিন ধরে তুঙ্গে তরঙ্গ। এদিন সুপ্রিম কোর্টের নির্দেশের কথা প্রকাশ্যে আসার পর শীর্ষ আদালতের সেক্রেটারি জেনারেলের কাছে থেকে নিয়োগ সংক্রান্ত মামলা সরানোর নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের প্রথম কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতিকে এই সংক্রান্ত নির্দেশ পাঠিয়েছে। বিচারপতি গঙ্গোপাধ্যায়কে কলকাতা হাই কোর্ট নিয়োগ দুর্নীতির মামলার শুনানি থেকে সরিয়ে দিলে, তিনি এই মামলায় যে সব রায় দিয়েছেন, তার ভিত্তিতে কী হবে, তা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে।

কোনও নির্দেশ আসা পর্যন্ত অপেক্ষা করতে হবে। জানা যাচ্ছে, বিচারপতি গঙ্গোপাধ্যায়ের নথি চ্যে পাঠানোর নির্দেশের পর সুপ্রিম কোর্টের সেক্রেটারি জেনারেল আলাদা করে একটি আবেদন করেন। তারপর একটি বিশেষ বেঞ্চও গঠিত হয় বিষয়টির শুনানির জন্য। রাত ৮টার সময় বাস সুপ্রিম কোর্টের বিচারপতি বোপালা ও বিচারপতি কোহলির স্পেশাল বেঞ্চ। বেশ কিছুক্ষণের শুনানির পর সুপ্রিম কোর্টের স্পেশাল বেঞ্চের থেকে হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশের উপর স্থগিতাদেশ দেওয়া হয়েছে। স্পেশাল বেঞ্চের মৌখিক পর্যবেক্ষণ, যেভাবে বিচারপতি ওই নির্দেশ দিয়েছেন, তা সঠিক ছিল না।

শুক্রবারও পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল



নয়াদিল্লি, ২৮ এপ্রিল : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম কমছে। গত ২৪ ঘণ্টায়, ব্রেক্ট ব্রুডের দাম ব্যারেল প্রতি ৭৯ ডলার এবং ডব্লিউটিআই ব্রুডের দাম ব্যারেল প্রতি ৭৫ ডলারে নেমে এসেছে। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ফলো টানা প্রায় এগারো মাস ধরে অপরিবর্তিত থাকল খালানির দাম।শুক্রবার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের এক বিজ্ঞপ্তি অনুসারে, দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে।মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকা। চেন্নাইতে এক লিটার পেট্রলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা।ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে।প্রসঙ্গত, গত ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

খুলে দেওয়া হল জম্মু–শ্রীনগর জাতীয় সড়ক



জম্মু, ২৮ এপ্রিল: শুক্রবার দুদিকে হালকা যান চলাচলের জন্য জম্মু–শ্রীনগর জাতীয় সড়ক খুলে দেওয়া হয়েছে। কর্মকর্তাদের মতে, হালকা যান জম্মু থেকে শ্রীনগর এবং শ্রীনগর থেকে জম্মুতে নিয়ে যাওয়া হচ্ছে। তাদের পাস করার পরে, শ্রীনগর থেকে জম্মুর দিকে ভারী যানবাহন পাঠানো হবে। এরপর নিরাপত্তা বাহিনীর গাড়িগুলো যেতে দেওয়া হবে। একই সঙ্গে মুঘল রাস্তা পরিষ্কারের কাজও চলছে এবং খুব শীঘ্রই এই রাস্তাটি যান চলাচলের জন্য খুলে দেওয়া হবে

পশ্চিমবঙ্গে বজ্রপাতে ১৪ জনের মৃত্যু হয়েছে



কলকাতা, ২৮ এপ্রিল : বৃহস্পতিবার পশ্চিমবঙ্গে প্রচণ্ড বৃষ্টি ও বজ্রপাতের সঙ্গে ঝড়ো হাওয়ায় অন্তত ১৪ জনের মৃত্যু হয়েছে। রাজ্যের পাঁচটি জেলায় মানুষ মারা গেছে। মেদিনীপুর, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, হাওড়ায় বাজ পড়ে মৃত্যুর খবর আসছে। মেদিনীপুরে ৬ জন, পূর্ব বর্ধমানে ৪ জন, হাওড়ায় ৩, মুর্শিদাবাদ এবং উত্তর ২৪ পরগণায় দুজন করে প্রাণ হারিয়েছেন,রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা দফতরের এক অধিকারিক জানিয়েছেন, প্রবল ঝড় ও বৃষ্টির মধ্যে বজ্রপাতে বর্ধমান জেলায় চারজনের মৃত্যু হয়েছে। যদিও, পশ্চিম মেদিনীপুর এবং হাওড়া গ্রামীণ জেলায় ছয়জন প্রাণ হারিয়েছেন। যারা মারা গেছেন তাদের বেশিরভাগই কৃষক এবং বড়ের সময় তারা বাড়ির বাইরে ছিলেন, যার কারণে তারা এর কবলে পড়েন।রাজ্যের বিপর্যয় মোকাবিলা দফতরের অধিকারিকদের মতে, বৃহস্পতিবার সন্ধ্যা থেকে, রাজধানী কলকাতা সহ হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম বর্ধমান, মুর্শিদাবাদ সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলে প্রবল বজ্রঝড়ের সাথে ভারী বৃষ্টি শুরু হয়েছে। সেই সঙ্গে রত্নপাতও হয়েছে।আলিপুর-ভিত্তিক আঞ্চলিক আবহাওয়া দফতরের এক আঞ্চলিকক জানিয়েছেন যে বৃহস্পতিবার বিকেল ৪টা থেকে বৃষ্টি ও বজ্রপাত শুরু হয়।

প্রযুক্তির গণতন্ত্রীকরণের জন্য ক্রমাগত কাজ করে যাচ্ছে কেন্দ্রীয় সরকারঃ প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৮ এপ্রিল : প্রযুক্তির গণতন্ত্রীকরণের জন্য ক্রমাগত কাজ করে যাচ্ছে কেন্দ্রীয় সরকার। এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার ভিডিও কন ফারেসিংয়ের মাধ্যমে পশ্চিমবঙ্গ-সহ দেশের ১৮টি রাজ্য ও দু’টি কেন্দ্রশাসিত অঞ্চলে ৯১টি একএম ট্রান্সমিটারের উদঘাটন করার পর প্রধানমন্ত্রী বলেছেন, অল ইন্ডিয়া রেডিও-র দেশকে সংযুক্ত করার একটি দৃষ্টিভঙ্গি রয়েছে। মোবাইল ডিভাইস এবং ডেটা প্ল্যানের সামর্থ্য তথ্যের ব্যাপক প্রাপ্যতাকে সক্ষম করেছে।প্রধানমন্ত্রীর কথায়, তথ্যের সময়মত প্রচার, কৃষির জন্য আবহাওয়ার পূর্বাভাস, অথবা মহিলাদের স্ব-নির্ভর



গোষ্ঠীগুলিকে নতুন বাজারের সঙ্গে সংযুক্ত করার ক্ষেত্রে এই একএম ট্রান্সমিটারগুলি একটি মুখ্য ভূমিকা পালন করবে। একএম-এর ইনফোটেনিমেন্টের

অনেক মূল্য আছে। প্রধানমন্ত্রী আরও বলেছেন, প্রযুক্তি বিপ্লব রেডিও এবং একএম-কে একটি নতুন উপায়ে রূপান্তরিত করেছে। রেডিও অপ্রচলিত হয়নি।

উত্তাল মণিপুর, বন্ধ হল ইন্টারনেট পরিষেবা, জারি ১৪৪ ধারা

ইক্ষল, ২৮ এপ্রিল : উত্তপ্ত মণিপুর । মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের সভাস্থলে ভাঙচুর ও আগুন লাগিয়ে দেওয়া হয়। এই ঘটনাকে ঘিরে অশান্তি ছড়িয়েছে মণিপুরে। সরকারের তরফে আপাতত বড় জমায়েতের উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বন্ধ করে দেওয়া হয়েছে ইন্টারনেট পরিষেবাও।জানা গিয়েছে, শুক্রবার মণিপুরের রাজধানী ইক্ষল থেকে ৬৩ কিলোমিটার দূরে চূড়াচাঁদপুর জেলাতে মুখ্যমন্ত্রী এন

বীরেন সিংয়ের সভা ছিল। কিন্তু বৃহস্পতিবার রাতেই পূর্বনির্ধারিত ওই অনুষ্ঠানস্থলে ভাঙচুর চালানো হয় বলে অভিযোগ। ভাঙচুরের পর আগুনও লাগিয়ে দেওয়া হয় সভাস্থলে। এই ঘটনাকে ঘিরেই চলিয়েছে উত্তেজনা ছড়িয়েছে।জানা গিয়েছে, স্থানীয় আদিবাসী সংগঠনের সদস্যরাই এই হামলা চালিয়েছে। সম্প্রতি বিজেপি সরকার সংরক্ষিত জঙ্গল ও জলাভূমির সমীক্ষা করে, তা নিয়েই ক্ষুব্ধ

আদিবাসীরা। ট্রাইবাল লিডারস ফোরামের অভিযোগ, রাজা সরকার বিনা বিরেনা ও শ্রদ্ধা করে অত্যন্ত পবিত্র গীর্জাগুলি ভেঙে গুড়িয়ে দিয়েছে। সরকারের এই পদক্ষেপের প্রতিবাদেই তারা বিক্ষোভ ও ভাঙচুর চালিয়েছে বলে জানা গিয়েছে। বৃহস্পতিবার অনুষ্ঠানের আগেই মুখ্যমন্ত্রীর সভাস্থলে ভাঙচুর ও আগুন লাগিয়ে দেওয়ার ঘটনার পরই চূড়াচাঁদপুর জেলায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। ওই

অনলাইন একএম এবং পডকাস্টের মাধ্যমে, এটি একটি নতুন অবতারে এসেছে, যা ডিজিটাল ইন্ডিয়া নতুন শ্রোতাদের দিয়েছে। ডিটি এইচ পরিষেবাগুলিতে অনেক শিক্ষা কোর্স পাওয়া যায়। একএম রেডিও এবং ডিটিএইচ উভয়ই ডিজিটাল ভারতের ভবিষ্যতের একটি উইন্ডো দেখিয়েছেন।মন-কি-বাত অনুষ্ঠান প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, কয়েকদিন পর রেডিও-তে "মন-কি-বাত"-এর শততম পর্বে আমি ভাষণ দেব। "মন কি বাত"-এর এই অতিজ্ঞতা, দেশশাসীর সঙ্গে এই ধরনের মানসিক সংযোগ শুধুমাত্র রেডিও-র মাধ্যমেই সম্ভব হয়েছিল।

রামনবমীর হিংসায় মমতা ও তাঁর দলের ভূমিকার তদন্ত হওয়া উচিতঃভিএইচপি

নয়াদিল্লি, ২৮ এপ্রিল : হাওড়ার শিবপুর-সহ পশ্চিমবঙ্গের কয়েকটি জায়গায় রামনবমীর মিছিলে হিংসাত্মক ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। কলকাতা হাইকোর্টের এই রায়কে স্বগত জানিয়েছে বিশ্ণু হিন্দু পরিষদ (ভিএইচপি)। শুক্রবার বিশ্ণু হিন্দু



পরিষদের পক্ষ থেকে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গে রামনবমীর

হিংসায় মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর দলের ভূমিকার তদন্ত হওয়া উচিত। ভিএইচপি-র মতে, রামনবমীর মিছিলে হিংসাত্মক সুরেন্দ্র জৈন দাবি পরিকল্পিত হতে পারে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও

তাঁর দল তৃণমূল কংগ্রেসের দিকে সরাসরি আঙুল তুলেছে বিশ্ণু হিন্দু পরিষদ। ভিএইচপি-র যুগ্ম সাধারণ সম্পাদক সুরেন্দ্র জৈন দাবি করেছেন, এনআইএ-র উচিত মমতার ও তৃণমূল কংগ্রেসের ভূমিকায় তদন্ত করা।

এক রাতে দু’বার ভূমিকম্পে কেঁপে উঠল নেপাল, ক্ষয়ক্ষতির খবর নেই

কাঠমান্ডু, ২৮ এপ্রিল :এক রাতে দু’বার ভূমিকম্পে কেঁপে উঠল নেপাল। রিখটার স্কেলে কম্পনের তীব্রতা ছিল ৪.৮ এবং ৫.৯। নেপালের বাজুরার দাহাকোট এলাকায় ভিন্ন সময়ে ভূকম্পন অনুভূত হয়। ন্যাশন্যাল সেন্টার ফর সিসমোলজির তথ্য অনুযায়ী, প্রথম কম্পনটি বৃহস্পতিবার রাত ১১টা ৫৮ মিনিটে এবং দ্বিতীয়টি ঘটে রাত ১টা ৩০ নাগাদ। যদিও ঘটনায় ক্ষয়ক্ষতির কোনও খবর এখনও পর্যন্ত পাওয়া যায়নি।বৃহস্পতিবার দিবাগত গভীর রাতে দেশটির পশ্চিমাঞ্চলে দুই দফায় ওই ভূমিকম্প আঘাত হানে। রিখটার স্কেলে জোড়া ওই ভূমিকম্পের মাত্রা ছিল ৪.৮ এবং ৫.৯। বৃহস্পতিবার রাতে পশ্চিম নেপালে ভূমিকম্পের পরেও ঘটনার ব্যবহানে ঘটা জোড়া এই ভূমিকম্পের উপস্থিতি ছিল বাজুরার ডাহাকোটে।এর আগে ২০১৫ সালে নেপালের কিছু অঞ্চলে ৭.৮ মাত্রার এক তীব্র ভূমিকম্প অনুভূত হয়েছিল। সেই ভূমিকম্পে জানমালের বিপুল ক্ষয়ক্ষতি হয়েছিল দেশটিতে। মারা যায় প্রায় ৮,৫০০ জন। এর জেরে ভূমিধস ও তুষারধসও ঘটেছিল। তাতে ২২ পর্বতারোহীর মৃত্যু হয়। এর এক মাস পরে আফটারশকের জেরে অন্তত ২০০ জন মারা যায় সেখানে।

সুদানে তুরস্কের বিমান লক্ষ্য করে গুলিবর্ষণ

খার্তুম, ২৮ এপ্রিল : সুদানে চলমান সংঘাতের মধ্যে নাগরিকদের সরিয়ে নেওয়ার লক্ষ্যে অবতরণ করা তুরস্কের একটি বিমান লক্ষ্য করে এলোপাতাড়ি গুলিবর্ষণ করা হয়েছে। এতে বিমানটিতে গুলি লাগলেও বা কোনও ক্ষয়ক্ষতি হয়নি। কোনও হতাহতের ঘটনাও ঘটেনি।সুদানে প্রায় দুই সপ্তাহ ধরে সেনাবাহিনী ও আধাসামরিক বাহিনীর মধ্যে তীব্র সংঘর্ষ চলছে। এই সংঘাতের মধ্যে আটকা পড়া নিজ নিজ নাগরিক ও কূটনীতিকদের সরিয়ে নিচ্ছে বিশ্বের বিভিন্ন দেশ। ইউরোপের দেশ তুরস্কও তার নাগরিকদের সরিয়ে নেয়ার প্রক্রিয়া শুরু করেছে। শুক্রবার তুরস্কের একটি বিমান রাজধানী খার্তুমের বাইরে ওয়াডি মেরিদিদা বিমানবন্দরে অবতরণের সময় বিমানটিতে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলিবর্ষণ করা হয়।তবে কোন পক্ষ এই গুলিবর্ষণ করেছে তা স্পষ্ট নয়। এই গুলিবর্ষণের জন্য আধাসামরিক আররএসএফকে দায়ী করেছে সেনাবাহিনী। যদিও আরএসএফ এই দাবি প্রত্যাখান করেছে।তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয় বিমানে গুলিবর্ষণের খবর নিশ্চিত করেছে। বলেছে, বিমানটিতে গুলি লেগেছে। এতে বিমানটির জ্বালানি সরবরাহ ব্যবস্থা (ফ্যুয়েল সাপ্লাই সিস্টেম)ক্ষতিগ্রস্ত হয়।আরও বলা হয়, সি-১৩০ বিমানটি নিরাপদে অবতরণ করে। পরে বিমানটি মেরামত করা হয়। হামলার ঘটনায় কোনও হতাহতের তথ্যও জানায়নি তুরস্ক।এদিকে সুদানের সেনাবাহিনী ও আধাসামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ) আরও ৬ দিনের অস্ত্রবিরতিতে সম্মত হয়েছে। প্রতিবেদনী দেশগুলোর পাশাপাশি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও জাতিসংঘের জোরালো কূটনৈতিক প্রচেষ্টার পর অস্ত্রবিরতির সমঝদানী বাড়ানো হয়েছে।

নাম সংকীর্তন ও বিশেষ প্রার্থনা মদন মিত্রের

কলকাতা, ২৮ এপ্রিল :গুজ্ব সৃচি মেনে বৃহস্পতিবার বাজা কদমতলা ঘাটে নাম সংকীর্তন ও বিশেষ প্রার্থনা সরিলেন তৃণমূল বিধায়ক।বিশুদ্ধল পরিষ্কৃতির মধ্যে দিয়ে যাচ্ছে দেশ। শান্তি ফেরাতে নবদ্বীপ থেকে শ্রীচৈতন্যের পাদুকা আনছেন কামারহাটির বিধায়ক মদন মিত্র।

ভবানীপুর ইউনাইটেড ইউথ ফোরামের ব্যবস্থাপনায় স্বয়ং শ্রীচৈতন্য দেবের ব্যবহৃত পাদুকা আসছে শহরে। তার আগে, মদন মিত্র এই নাম সংকীর্তন ও বিশেষ প্রার্থনানবদ্বীপকে জড়িয়ে রয়েছে শ্রীচৈতন্যমন্ডের স্মৃতি। ফলে এই শহরকে ঘিরে জড়িয়ে আছে ধর্মীয়

কমে ৫৩,৮৫২, মৃত্যু বৃদ্ধি পেয়ে ২৮

গিয়েছে।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট স্ত্রু হয়েছে ৪,৪৩,৪৭,০২৪ জন করোন-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৬৯ শতাংশ। বিগত ২৪ ঘণ্টায় টিকা পেয়েছেন ০৪,৭৭৫ জন, মোট

করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,৫৮,২১৯ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৭ এপ্রিল সারা দিনে ভারতে ০২,০৮,১১২ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যান্টেম্পল টেস্ট করা হয়েছে।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে একসঙ্গে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবেঃরাজনাথ সিং



নয়াদিল্লি, ২৮ এপ্রিল : সন্ত্রাসবাদের বিরুদ্ধে একসঙ্গে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। শুক্রবার এসসিও প্রতিরক্ষা মন্ত্রীদের বৈকেলে বললেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তিনি বলেছেন, আমাদের ঐক্যবদ্ধভাবে সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করতে হবে। এসসিও-কে যদি আরও শক্তিশালী হতে হয়, আমাদের একসঙ্গে লড়াই করতে হবে। সন্ত্রাসী গোষ্ঠীগুলি সোশ্যাল মিডিয়া এবং ক্রাইডফাভিংয়ের মতো নতুন পদ্ধতি ব্যবহার করছে।প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন, এই ফোরাম আমাদের সকলের জন্য নিজেদের মতামত বিনিময় করার, আমাদের দৃষ্টিভঙ্গি এবং উদ্বেগগুলি ভাগ করার একটি সুযোগ প্রদান করে। এটি একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম যেখানে আমরা আমাদের সামনে চ্যালেঞ্জগুলি নিয়ে আলোচনা করতে পারি এবং সমাধানগুলি খুঁজে পেতে পারি। রাজনাথ আরও বলেছেন, ভারত এসসিও-কে আরও শক্তিশালী করছে, এসসিও-র আদেশ বাস্তবায়নে অবদান রাখতে এবং আমাদের সাধারণ চ্যালেঞ্জ মোকাবেলায় সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।শুক্রবার দিল্লিতে অনুষ্ঠিত এসসিও প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠকে উপস্থিত ছিলেন চিনের প্রতিরক্ষা মন্ত্রী লি সাংফু, রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রী শেরগেই শোইগুই প্রমুখ উপস্থিত ছিলেন।

বকেয়া ডিএ দিতে গেলে বন্ধ হবে লক্ষ্মীর ভাতার, কন্যাশ্রী, দাবি শোভনদেবের

উত্তর ২৪ পরগনা, ২৮ এপ্রিল : সরকারি কর্মীদের ডিএ নিয়ে এবার মন্তব্য করলেন রাজ্যের কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। তাঁর মতে, আন্দোলনকারীদের দাবি ডিএ দিতে গেলে লক্ষ্মীর ভাতার, কন্যাশ্রী, স্বাস্থ্যসাধীর মতো সামাজিক উন্নয়ন প্রকল্প বন্ধ হয়ে যাবে।উত্তর ২৪ পরগনার খড়দহের পাটুলিয়া পঞ্চায়েত এলাকায় ‘ সুরক্ষা কবচ’ কর্মসূচিতে যোগ দিতে এসে বৃহস্পতিবার শোভনদেব বলেন, ‘ ডিএ-টি দিতে গেলে লক্ষ্মীর ভাতারের টাকটা বন্ধ হয়ে যেতে পারে। স্বাস্থ্যসাধীর কার্ডটা বন্ধ হয়ে যেতে পারে। কন্যাশ্রীর টাকটা বন্ধ হয়ে যেতে পারে।’এর পরেই জনতার উদ্দেশে তাঁর প্রশ্ন, ‘আপনার বুকে হাত রেখে বাড়িতে গিয়ে ভাববেন, শোভনদেববাবু যে কথাটা বললেন, যে গরিবের কথাটা মমতা বন্দ্যোপাধ্যায় ভাববেন, না কি যে লোকটা (সরকারি কর্মচারী) ইতিমধ্যেই অচ্ছেদন তাকে একটি বেশি পরিস্য দেবেন? কোনটা ঠিক সেটা আপনারা বিচার করে নেননা।’

নিয়োগ দুনীতির মামলা থেকে বিচারপতি গঙ্গোপাধ্যায়কে সরানোর প্রতিক্রিয়া

কলকাতা, ২৮ এপ্রিল : নিয়োগ দুনীতির মামলা থেকে বিচারপতি গঙ্গোপাধ্যায়কে সরানো নিয়ে সুপ্রিম কোর্টের নির্দেশ সামাজিক মাধ্যমে আসার সঙ্গে সঙ্গে প্রতিক্রিয়া ছাড়িয়ে পা়ে। নোঁনগারিকদের প্রায় সকলের বার্তাতেই বিষাদ।একটি বাংলা টৈনিকের অনলাইন সংস্করণে এই খবরের জেরে কিংশুক সিংহ লিখেছেন, তবুও তৃণমূল চ্যারের পাঠিই থাকবে। পীযুষ রায় লিখেছেন, দুনীতিবাজদের কাছে আজ বিচার ব্যবস্থার পরাজয় হলো।দিয়া সেনগুপ্ত একটি বাংলা সংবাদচ্যানেলের নামোল্লেখ করে সেটিকে দায়ী করেছেন। লিখেছেন, অভিযেকের নির্দেশেই সাক্ষাকার নিয়ে বিচারপতিকের ফাঁদে ফেলেছেন আপনারা। যাতে সাক্ষাকরকে হাতিয়ার করে মামলা সরানো যায়, কারন বাঁচার আর কোনো উপায় ছিলো না। নইলে দেশের মধ্যে হঠাৎ করে বিচার চলাকালীন কোনো মিডিয়া কি করে সাক্ষাকর নিতে চলে যায়। কই অন্য কোনো মিডিয়া তো যায়নি। বিচারপতি ও মান্যের কাছে পৌঁছানোর জন্য, সত্য তুলে ধরতে গিয়ে দেই ফাঁদে পা দিয়ে ফেলেছেন। পুরোটা পূর্ণপরিকল্পিত ষড়যন্ত্র অভিনয়ে, সুমন ও অ্যাই প্যাকোরকে রায় লিখেছেন, যে কোনো মামলা দশকের পর দশক কেনো পরে থাকে চোঁদ না মীমাংসা করে যে মামলা দ্রুত বিচার হচ্ছে সেটাকে ও বন্ধের চেষ্টা ?শ্বজু ঘোষাল লিখেছেন, চোরদের সুগ্রীম সুযোগ।বাদপূরের বাসিন্দা মৌসুমী সেনগুপ্ত পৃথক পোস্টে লিখেছেন, শিক্ষাদুনীতি মামলা মেকআপ হয়ে গেলো।কাবেরি চ্যাটার্জী পৃথক পোস্টে লিখেছেন, এবার কি তাহলে পার্থ চাটার্জী, জীবন কৃষ্ণ সাহা রা নিশ্চিন্তে বাইরে বেরিয়ে এসে আবার টাকার সাম্রাজ্য গড়ে তুলবে? ২০ মিনিটের মধ্যে এর ছটি প্রতিক্রিয়া। সব কটি সমর্থনসূচক।

এসসিও সদস্যদের দেশের সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতাকে সম্মান করা উচিতঃগড়কারি

নয়াদিল্লি, ২৮ এপ্রিল : এসসিও সদস্যদের দেশের সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতাকে সম্মান করার উদ্ভিত। এই মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী নীতীন গড়কারি। শুক্রবার এসসিও পরিবহন মন্ত্রীদের ১০-তম বৈঠকের সভাপতিত্ব করে মন্ত্রী নীতীন গা়কারি বলেছেন, সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (এসসিও) দেশগুলির সঙ্গে যোগাযোগ ভারতের জন্য একটি অগ্রাধিকার। এসসিও সদস্য দেশগুলির সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতাকে সম্মান করার পাশাপাশি টেকসই উন্নয়ন নিশ্চিত করার উপর জোর দেবেন তিনি। কেন্দ্রীয় মন্ত্রী নীতীন গড়কারি



বলেছেন, ভারত এই অঞ্চলে অর্থনীতি এবং জনগণের মধ্যে মিথষ্ক্রিয়া প্রচায়ে ও-কে বিশেষ মনোযোগ দেয়া।তিনি বলেছেন, সংযোগ নিজেই একটি অর্থনৈতিক গুণক... এসসিও দেশগুলির সঙ্গে যোগাযোগ ভারতের জন্য একটি অগ্রাধিকার।

কামিলের সঙ্গে আবার কথাবার্তা শুরু

কলকাতা,২৮ এপ্রিল :আবার অস্ট্রেলিয়ার জাতীয় লিগ খেলা জেসন স্টিফেন কামিলের এজেন্টের সঙ্গে কথাবার্তা শুরু করেছে মোহনবাগান। বর্তমানে অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কোস্ট মেরিনার্সের হয়ে খেলছেন তিনি। এখানেই শেষ নয়, গত বেশকিছু বছর ধরে অস্ট্রেলিয়ার জাতীয় দলের দাবিত্ত ও সামলে আসছেন এই ফরোয়ার্ড। আগামী দুই মরসুমের জন্য আবার তাঁকে দল টানতে আগ্রহী হয়েছে এটিকে মোহনবাগান।তবে পেমেন্টর ব্যাপারটাই বাধ সেয়েছে। যতদূর জানা গিয়েছে, তাঁকে দলে পেতে গেলে প্রায় ৬ কোটি টাকা ট্রান্সফার ফি দিতে হবে অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কোস্ট মেরিনার্সকে।তারকার দর কমিয়েও প্রায় ৭ কোটি ৫০ লক্ষ টাকা বেতন দিতে হবে এই তারকা ফুটবলারকে। যা নিয়ে রীতিমতো হিমশিম খেতে হচ্ছে সবুজ-মেরনকে।তাই একটা সময় তাঁকে পাওয়ার ব্যাপারে হাল ছেড়ে দিয়েছিল এটিকে। তবে পরবর্তিতে মোহন ম্যানেজমেন্ট ফের যোগাযোগ করে তার এজেন্টের সঙ্গে। শোনা গিয়েছে, এবারও বাজার দর কিছুটা কমানোর আর্জি জানানো হয়েছে কামিলের এজেন্টকে। যদি সাড়ে সাত কোটি টাকার জায়গায় পাঁচ কোটি টাকায় রাজি হন কামিল, তাহলে আগামী মরসুমের জন্য তাঁকেই সহ করাবে এটিকেও কামিঙ্গান দল। এখানেই স্টিফেন কামিলের এজেন্টের সঙ্গে কথাবার্তা শুরু করেছে বাগান শিবির।যদি এই আর্জি কামিল মেনে নেন তাহলে আগামী মরসুমের জন্য তাঁকেই সহ করাবে এটিকে মোহনবাগান দল।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,২৯এপ্রিলশুক্রবার, ১৫ বৈশাখ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৯এপ্রিলঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৫ বৈশাখ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাংখ, ২৫৫৬ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৫ বৈশাখ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১৫ বৈশাখ মাস ১৯৪৪, মৈতৈ ৪১১ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১ঃ২১ঃ৬ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮ঃ৪৫ পর্যন্ত পরে পূনর্বসুক্রবর্গঃবলিঙ্গ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃমীন ০৫ঃ৫ঃ৪ঃ০১ থেকে - ০৭ঃ০ঃ৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ১০ঃ২ঃ৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৫ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ১৫ঃ৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫ঃ২০ঃ৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২ঃ৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫ঃ৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০ঃ৬ঃ০২ থেকে - ০৮ঃ৫ঃ২ঃ১২ পর্যন্ত রাত্রি মহেন্দ্রযোগ রাত্রি ১ঃ৫ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ৪ঃ৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫ঃ২ঃ১২ থেকে - ০৫ঃ২ঃ৪ঃ৩১ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৩৫ঃ২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০ঃ ২ঃ৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ঃ পর্যন্ত।বারবেলোঃ দিন ০৮ঃ৩ঃ ২ঃ থেকে - ১০ঃ০ঃ৪ঃ৫২ পর্যন্ত।কালাবেলোঃদিন ১০ঃ০ঃ৪ঃ৫২ থেকে - ১১ঃ০ঃ৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪ঃ৫১২ থেকে - ১০ঃ১১ঃ৪ঃ পর্যন্ত।গ্রন্থফল্গু (সূর্য উদয় কালীন)৪রবিঃ১১ঃ২ঃ৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৬) ২ পদবৃধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ।।বারবেলোঃ দিন ০৮ঃ৩ঃ১ঃ২৫
আবহাওয়া
আংশিক পরিষ্কার আকাশ।বৃষ্টির হতে পারে নাও হতে পারে।।তপমাত্রা সর্বোচ্চ ৩৫.০৭।দ্বিতী় সেলসিয়াস ও (২) ৯১। দিনের বেলায়।। আর্দ্রতা ৬৮.০৬।বিস্তীর্ণ সন্ধ্যা আর্দ্রতা হবে ৯৬শতকরা এবং ৪৪শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার। জোয়ার-সকাল ৭টা ২০ মিনিট এবং রাত-৭টা ২০মিনিট।ঘটা-৭টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৫ টা ০৭মিনিটে এবং সূর্য অস্ত যাবে দিনঃ ৬ টা - ০২মিনিটে।মধ্যে হবে আজ হতে পারে।।
রাশিফল
মেঘরাশিঃ নিজের মত জানাতে দ্বিধা করবেন না। আত্মবিশ্বাসের অভাব আপনার পরিস্থিতিকে আরো জটিল করে দেওয়া হবে।বৃষভ রাশিঃসামঞ্জস্যপূর্ণ ব্যক্তিত্ব তৈরী করুন যাতে ঘৃণা ভাবকে দমন করা যায় কারণ ঘৃণা হলো মিথুন রাশিঃ আজ আপনার প্রয়োজন আরাম করার এবং ঘনিষ্ঠ বন্ধু ও পরিবারের সদস্যদের মাঝে খুশি খোঁজার চেষ্টা করা। কর্কট রাশিঃ উচ্চ ক্যালোরির খাবার এড়িয়ে চলুন এবং আপনি শরীরাকর্ষ প্রডি অবশ্যই হান। সিংহ রাশিঃ শারীরিক লাভে বিশেষ করে মানসিক দৃঢ়তার জন্য ধ্যান এবং যোগ করতে শুরু করুন।বিবাহের যোগ হতে পারে। কন্যা রাশিঃ আপনার জন্য কোনো শ্রেষ্ঠ তা কেবল আপনাই জানেন- কাজেই শক্ত হোন এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করে ফলাফলের সাথে বাঁচার জন্য তৈরী হোন। তুলা রাশিঃ ব্যাপ্ত সময়সী। সরেই স্বাস্থ্য সুন্দর থাকবে। আপনি একটি উত্তেজনাপূর্ণ নতুন পরিস্থিতি সাম্মুখীন হতে পারেন- বৃশ্চিক রাশিঃ উচ্চ ক্যালোরির খাবার এড়িয়ে চলুন এবং আপনি শরীরচর্চায় লেগে থাকুন।। ধনু রাশিঃ মানসিক এবং নৈতিকের পাশাপাশি শারীরিক শিক্ষাও গ্রহণ করুন, কেবলমাত্র তাহলেই সব দিক থেকে উন্নতি মকর রাশিঃ আজ আপনার জন্য খুব একটি উচ্চ-ক্ষমতাসম্পন্ন দিন নয় এবং আপনি ছোট ছোট বিষয়েই বিরক্ত হয়ে উঠবেন। কুন্ত রাশিঃ আপনি অবসর যাপনের আনন্দ উপভোগ করবেন।বিবাহের যোগ হবে। মীন রাশিঃ আপনার উচ্চ ক্ষমতা আজ স্বাবস্থাবরে লাগানো চেষ্টা করুন।ব্যবতার মধ্যে বিনিয়োগ করবেন না- তাতে লোকসান হবেই যদি না আপনি বিনিয়োগ

রামনবমীর অশান্তিতে এনআইএ তদন্তের নির্দেশ, সুপ্রিম কোর্টে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : হাওড়া, রিষড়া, ভালখোলার অশান্তির তদন্ততার এনআইএর’র হাতে দিয়েছে কলকাতা হাই কোর্ট। সেই রায়কে চ্যালেঞ্জ করে এবার শীর্ষ আদালতে গেল পশ্চিমবঙ্গ সরকার। ঘটনার সূত্রপাত চলতি মাসের শুরুতে। রামনবমী মিছিল ঘিরে উত্তপ্ত হয়ে উঠেছিল হাওড়ার শিবপুর, হুগলির রিষড়া ও ভালখোলা। অশান্তির রেশ ছিল কয়েকদিন। সেই অশান্তির ঘটনায় আদালতের দ্বারস্থ হয়েছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি সিবিআই তদন্তের দাবি জানান। সেই মামলায় রাজ্যের তরফে বলা হয়েছিল, রাজ্যের এই ঘটনায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার কোনও প্রয়োজন নেই। পরবর্তীতে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ ছিল, কে বা কারা এই অশান্তিতে উসকানি দিয়েছে বা লাভবান হয়েছে, তা জানা রাজ্য পুলিশের পক্ষে সম্ভব নয়। কেন্দ্রীয় সংস্থা প্রয়োজন। তদন্তভার নিতে প্রস্তুত বলেও আদালতকে জানিয়েছিল এনআইএ। এবার হাই কোর্টের সেই তদন্তের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে গেল রাজ্য। শুক্রবার রাজ্যের তরফে বিচারপতি রাজাকেশ্বর মাস্তার এজলাসে বিষয়টি জানানো হয়েছে। রাজ্যের অ্যাডভোকেট জেনারেলের বক্তব্য, হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ নিখুঁত এনআইএ-কে হস্তান্তরের জন্য দু’সপ্তাহ সময় দিয়েছিল রাজ্যকে। তবে তার আগেই নির্দেশকে চ্যালেঞ্জ করে শীর্ষ আদালতে গেল রাজ্য সরকার।

কোমগরে নবগ্রাম তৃণমূল কংগ্রেস কমিটি নতুন পুরনো মিলিয়ে গঠন

বনস্পতি দে, হুগলি, ২৮ এপ্রিল : মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও অভিনেত্রী ব্যানার্জির নির্দেশে সামনের পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে তৃণমূল কংগ্রেস কমিটি গঠন হচ্ছে। পশ্চিমবঙ্গের সব জেলার সর্বত্র সেই রকমই কয়েকদিন আগে রিষড়ায় শ্রীরামপুর ব্লক তৃণমূল কংগ্রেস কমিটি ঘোষণা হয় এবার। কোমগরে নবগ্রাম তৃণমূল কংগ্রেস কার্যালয়ে নবগ্রাম অঞ্চলের তৃণমূল কংগ্রেস কমিটি ঘোষণা করলেন সভাপতি অপরূ মজুমদার তিনি এ ব্যাপারে সাংবাদিক সম্মেলন ডেকে তৃণমূল কংগ্রেস কমিটি ঘোষণা করলেন ১৮ জনকে নিয়ে কমিটি তৈরি করা হয়েছে। ১৮ জনের নাম ঘোষণা করা হলো। নবগ্রাম তৃণমূল কংগ্রেস সভাপতি অপরূ মজুমদার জানানলেন ১৮ জনকে নিয়ে কমিটি গঠন করা হলো মোটামুটি পুরনোরাই আবার কমিটিতে জায়গা পেয়েছে। দু-একজন নতুন এসেছে কমিটিতে এই কমিটি সামনের নির্বাচন দেখাশোনা করবে এবং পাটির সংগঠন মজবুত করবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে সাধারণ মানুষের পাশে আমরা আজ তৃণমূল কংগ্রেস আছে থাকবে এই কমিটির সংগঠনকে আরো মজবুত করবে।

স্বাভাবিকের নীচেই তাপমাত্রা, আপাতত স্বস্তিতেই দিন কাটবে দক্ষিণবঙ্গে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : মহানগরীর তাপমাত্রা আপাতত স্বাভাবিকের নীচেই রয়েছে। আংশিক মেঘলা আকাশে রোদের দাপটও সেভাবে মালুম হচ্ছে না। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি কম। এদিনই তিলোত্তমা সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৭.২ ডিগ্রি সেলসিয়াস। আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রের খবর, কলকাতা, হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর-সহ দক্ষিণের ১৫ টি জেলাতেই বহুবিস্তার সহ্য বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সঙ্গে ৪০ -৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। এই বৃষ্টি সব জেলাতেই চলতে পারে মঙ্গলবার পর্যন্ত। তবে, বিক্ষিপ্ত ভাবে। সঙ্গে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। তবে শনিবার কলকাতা, হাওড়া, হুগলি, বাঁকুড়া, বীরভূম, দুই বর্ধমান, মুর্শিদাবাদ, নন্দীয়ার্য বৃষ্টির সম্ভাবনা নেই। বাকি জেলাগুলিতে শনিবারও বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে।

সাড়ে ৬ ঘন্টারও কম সময়ে পুরী ছুটবে বন্দে ভারত, শুক্রবারই হল ট্রায়াল রান

দুরন্ত বার্তা, হাওড়া, ২৮ এপ্রিল : ভ্রমণপিপাসীদের জন্য সুবন্দর। এবার প্রায় হাতের নাগালেই করা যাবে পুরী ভ্রমণ। মাত্র সাড়ে ৬ ঘন্টারও কম সময়ে পুরী ছুটবে বন্দে ভারত। শুক্রবারই হয়ে গেলে এর ট্রায়াল রান। মাত্র ৬ ঘণ্টা ২৫ মিনিটে হাওড়া থেকে পুরী পৌঁছানো যাবে এই ট্রেনে। শুক্রবার হাওড়া পুরী রুটে প্রথম ট্রায়াল রান হয় বন্দে ভারত

এক্সপ্রেসের। সকাল সাড়ে ৬ টা ১০ মিনিট নাগাদ হাওড়া স্টেশন থেকে পরীক্ষামূলক যাত্রা শুরু করে বন্দে ভারত এক্সপ্রেস। সকালে হাওড়া থেকে পুরীর উদ্দেশ্যে রওনা দেয় বন্দে ভারত। এই রেকটি হাওড়া থেকে ছাড়ে। ট্রায়াল রানের পর এই ট্রেনটি পুরী পৌঁছাবে দুপুর ১২.৩৫ মিনিটে। এবং পুরী থেকে দুপুর ১.৫০ মিনিটে হাওড়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করবে এবং রাত ৮.৩০ মিনিটে হাওড়ায় ফিরে আসবে। এবং মাঝেতে বেশ কিছু স্টেশনে দু মিনিট করে থামবে। শুক্রবারের প্রথম পরীক্ষামূলক যাত্রার পর রবিবার ৩০ এপ্রিল হাওড়া- পুরী- রুটে দ্বিতীয়বার পরীক্ষামূলক যাত্রা করবে বন্দে ভারত। দক্ষিণ- পূর্ব রেল সূত্রের খবর বন্দে ভারতের সফল পরীক্ষামূলক যাত্রার পর খুব শীঘ্রই যাত্রীদের জন্য এই রুটে পরিষেবা চালু করে দেওয়া হবে। এখনও অবধি বাণিজ্যিক পরিষেবা চালু হওয়ার নির্দিষ্ট দিন স্থির করা হয়নি।

‘দুর্নীতিবাজদের উল্লাসের কারণ নেই’, বিচারপতি গঙ্গোপাধ্যায় প্রসঙ্গে সুপ্রিম রায়ে ‘সতর্ক বার্তা’ বিকাশরঞ্জনের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : শিক্ষক নিয়োগ দুর্নীতি সংক্রান্ত মামলা সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হল কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজি গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে। বিষয়টি নিয়ে ব্যাখ্যা দিয়ে বর্ষিয়ান আইনজীবী তথা সিপিএমের রাজসভার সাংসদ বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, আপাত নিরপেক্ষতা বজায় রাখতেই সম্ভবত শীর্ষ আদালতের এই সিদ্ধান্ত। এক্ষেত্রে বিচারপতির পূর্বের যাবতীয় নির্দেশে অপরিবর্তিতই থাকবে। একইসঙ্গে বিকাশরঞ্জন ভট্টাচার্য জানান, অন্যান্য মামলাগুলি বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়ের এজলাসে যেমন চলছিল তেমনই চলবে। এই নির্দেশে শুধুমাত্র অভিযেক বন্দ্যোপাধ্যায়ে মামলার ক্ষেত্রেই দেওয়া হয়েছে। বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, ‘শুধুমাত্র অভিযেক বন্দ্যোপাধ্যায়কে ইউ বা সিবিআইয়ের জেরে সংক্রান্ত মামলাই সরল বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে। বাকি মামলা যেমন চলছিল, তেমনই চলেবে। যদিও এই ব্যাখ্যার সময় তিনি বারবারই উল্লেখ করেছেন, যতদূর বুঝতে পারছি, তাকে ব্যাপারটি এরকম। তবে অর্ভার হাতে না পেলে সঠিকভাবে বলা যাচ্ছে না।’ একইসঙ্গে প্রবীণ আইনজ্ঞ বলেন, ‘দুর্নীতিবাজদের উল্লসিত হওয়ার কোনও কারণ নেই’। প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতিতে কেন্দ্রীয় দন্তক্যারীদের হাতে প্রেশার করা হয়েছে তৃণমূল থেকে সাপিন্দেও হওয়া যুব নেতা কুস্থল ঘোষ। তিনি জেল হেফাজতে থাকাকালীন অভিযোগে তুলেছিলেন, অভিযেক বন্দ্যোপাধ্যায়ের নাম বলার জন্য তাঁকে চাপ দিচ্ছে কেন্দ্রীয় সংস্থা। তাঁর এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে সিবিআই, ইউি হাইকোর্টে আবেদন জানায়, অভিযেককেও তদন্তের সিংহাসন আনা উচিত। তাঁকে জে়ার অনুমতি দিক আদালত। তাতে সায় দেন বিচারপতি গঙ্গোপাধ্যায়।

প্যান্টেগ্রাফ ভেঙে বিপত্তি, হাওড়া-আমতা শাখায় ট্রেন চলাচল বন্ধ

দুরন্ত বার্তা, হাওড়া, ২৮ এপ্রিল : লোকাল ট্রেনের প্যাটোগ্রাফ ভেঙে শুক্রবার সকালে দক্ষিণ-পূর্ব রেলের হাওড়া-আমতা শাখায় ব্যাহত হল রেল পরিষেবা। দক্ষিণ-পূর্ব রেল সূত্রের খবর, কোনো স্টেশনের অদূরে হাওড়া-আমতা শাখায় সকাল ৯টা ৪৫ মিনিট নাগাদ একটি লোকাল ট্রেনের প্যাটোগ্রাফ ভেঙে যায়। যার জেরে ওভারহেডের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। ফলে ওই শাখায় আপ এবং ডাউন লাইনের ট্রেন চলাচল পুরোপুরি বন্ধ হয়ে পড়ে। কোনো স্টেশনের কাছে ওই ঘটনার জেরে অফিস টাইমে সময়সায় পড়েছেন যাত্রীরা। দক্ষিণ-পূর্ব রেলের মুখ্য জনসংযোগ অধিকারিক অদিতি কুমার টৌধরী জানিয়েছেন, ৯.৪৫ মিনিট নাগাদ এই ঘটনাটি ঘটেছে যার ফলে আপ ও ডাউন লাইনে ট্রেন পরিষেবা পুরোপুরি বন্ধ। রেলের অধিকারিকেরা ঘটনাস্থলে পৌঁছেছেন। দ্রুত মেরামতি কাজ শুরু হয়েছে। তাড়াতাড়ি ট্রেন পরিষেবা চালু হবে।

ডেক্সুর সচেতনতায় পদযাত্রা শহরে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : কলকাতা পৌর নিগমের উদ্যোগে কলকাতায় মশাঝাতি রোগ ডেঙ্গু নিয়ে সচেতনতার বার্তা দিতে শুক্রবার এক পদযাত্রার আয়োজন করা হয়। এতে অংশ নেন রাজ্যের পুর ও নগর উন্নয়নমন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম। এছাড়াও ডেপুটি মেয়র অতীন ঘোষ, বিধায়ক তাপস রায়, তৃণমূল কংগ্রেসের রাজসভার সাংসদ ও কলকাতা পুরসভার স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা ডাক্তার শান্তনু সেন প্রমুখ। ডেঙ্গু সম্পর্কে সচেতনতায় একটি প্রয়াস ছিল এই পদযাত্রা।

টিটাগড়ে শ্যুটআউট

দুরন্ত বার্তা, টিটাগড়, ২৮ এপ্রিল : দিনেদুপুরে রাস্তায় এক যুবককে গুলি করে খুন করল দুষ্কৃতীরা। ঘটনার পর বহুকে চেপে চম্পট দিল আততায়ীরা। আটক ১। এবার উত্তর ২৪ পরগনার টিটাগড়ে। জানা গিয়েছে, মতের যুবকের নাম আনোয়ার আলি। বিভিন্ন ধরনের ব্যবসা করতেন তিনি। এলাকায় সক্রিয় তৃণমূলকর্মী হিসেবে পরিচিত ছিলেন আনোয়ার। এদিন দুপুরে কাজ সেরে বাড়ি ফিরছিলেন। সঙ্গে ছিল ছেলোও। স্থানীয় সূত্রে খবর, টিটাগড়ের ১৮ নম্বর ওয়ার্ডের আলি হায়দার রোডে গুলিবিদ্ধ হন আনোয়ার। বাইকে করে এসে খুব কাছ থেকে তাঁকে লক্ষ্য করে গুলি চালায় দুষ্কৃতীরা। শুধু তাই নয়, গুলি চালানোর পর আবার বাইকে চেপে এলাকা ছাড়ে তারা। রক্তাক্ত অবস্থায় আনোয়ার উদ্ধার করে প্রথমে নিয়ে যাওয়া হয় স্থানীয় একটি হাসপাতালে। কিন্তু ততক্ষণে শরীরিক অবস্থা আরও অবনতি ঘটেছে। শেষপর্যন্ত কলকাতা নিয়ে যাওয়ার মৃত্যু হয় ওই যুবকের। কী কারণে এই হামলা? নেপথ্যে কারা? ঘটনার তদন্তে নেমে সানি নামে এক যুবককে আটক করেছে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, কয়েকদিন আগে সানিকে টাকা ধার দিয়েছিলেন আনোয়ার।

মহিলার শ্রীলতাহানি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : চলন্ত বাসে শ্রীলতাহানি। বিমানবন্দরের কর্মী প্রাউন্ড স্ট্রফ এক মহিলাকে শ্রীলতাহানি করা হয় বলে অভিযোগ। অভিযোগের ভিত্তিতে গ্রেফতার অভিযুক্ত বাস যাত্রী। ধৃতের নাম শেখ সন্তু। গ্রেফতার করেছে বিধাননগর দক্ষিণ থানার পুলিশ। শুক্রবার ধৃতকে বিধাননগর মহকুমা আদালতে তোলা হয়। পুলিশ সূত্রে খবর, কলকাতা বিমানবন্দরের এক মহিলা কর্মী বিধাননগর দক্ষিণ থানায় অভিযোগ করেন যে গতকাল প্রদ্য্না ৬ টা নাগাদ বারাসত থেকে সাতঁরাগাছিগামী একটি ট্রাউন্ড বাসে ইহকার্পক থেকে ওঠে মেটিয়াবুরুজ এলাকার ওই যুবক। সেই বাসেই ছিলেন বিমানবন্দরে করারত ওই মহিলা। অভিযোগ, কিছুটা যেতেই ওই যুবক চলন্ত বাসের মধ্যে তাঁকে উদ্দেশ্য করে নানা কটুক্তি করতে থাকে। প্রতিক্রিাদেগে শ্রীলতাহানিতে করত শুরু করে। বাসের অন্যান্য যাত্রীদের জানানো হলে নিকো পার্কের সামনে ওই যুবককে বাস থেকে নামিয়ে দেওয়া হয়। বিধাননগর দক্ষিণ থানায় অভিযোগ জানান ওই মহিলা। মহিলার অভিযোগের ভিত্তিতে ওই অভিযুক্ত যুবককে গ্রেফতার করে বিধাননগর থানার পুলিশ।

হাওড়ায় মঙ্গলাহাটের দিন পরিবর্তনের প্রস্তাব দিল পুরসভা

শ্রেয়া আদক, হাওড়া, ২৮ এপ্রিল : হাওড়ায় মঙ্গলাহাটের দিন পরিবর্তনের প্রস্তাব দিল পুরসভা। এবার সোম ও মঙ্গলবারে হাট বসার বদলে প্রতি শনিবার ও রবিবার দিন হাট

বসার সিদ্ধান্তের প্রস্তাব দেওয়া হয়েছে পুরসভার তরফ থেকে। খুব শীঘ্রই হাওড়া ময়দানে মেট্রোরেল চালু হলে যানজটের কথা মাথায় রেখে এই প্রস্তাবের সিদ্ধান্ত নিয়েছে পুরসভা। এবার পুরসভার তরফ থেকে প্রতি শনিবার এবং রবিবার দিন হাট বসার প্রস্তাব দেওয়া হল হাট ব্যবসায়ীদের কাছে। পুরসভার বক্তব্য হাট যে জায়গায় বসে, সেই এলাকাটি খুবই গুরুত্বপূর্ণ। সেখানে হাসপাতাল, স্কুল, কলেজ থেকে শুরু করে পুরসভা এবং এখানে জেলা প্রশাসনের সমস্ত সদর দপ্তর রয়েছে। এখানে এমনিতেই মানুষের সমাগম বেশি। এর সঙ্গে আর কয়েক মাসের মধ্যে ময়দানে মেট্রোরেল পরিষেবা চালু হলে মানুষের ভিড় আরো বাড়বে। প্রাথমিকভাবে সেই ক্ষেত্রে হাটের ব্যবসায়ীদের কাছে প্রস্তাব দেওয়া হয়েছে হাটের দিন পরিবর্তনের জন্য। শুক্রবার বিকেলে হাওড়া পুরভলনে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে পুরনিগমের মুখ্য প্রশাসক ডা. সুজয় চক্রবর্তী বলেন, হাওড়ার মঙ্গলাহাট হাওড়ার প্রধান প্রশাসনিক জায়গায় অবস্থিত।

এই ব্যাপারে খুব প্রাথমিক স্তরে মঙ্গলাহাটের ব্যবসায়ীদের কাছে প্রস্তাব দেওয়া হয়েছে। ওনাদের অনুরোধ করা হয়েছে নিজেদের মধ্যে কথাবার্তা বলে সিদ্ধান্ত জানাতে। যখন মেট্রোরেল চালু হবে তখন মানুষ ভিড়ের সমস্যায় পড়বেন। হাটের ব্যবসায়ী এবং সাধারণ মানুষের স্বার্থে এই ব্যবস্থা নেওয়া হচ্ছে। হাট ব্যবসায়ীদের প্রাথমিক প্রস্তাব দেওয়া হয়েছে। এই হাট শনিবার এবং রবিবার হলে সকলেরই সুবিধা হবে। তাঁদের সঙ্গে মৌখিকভাবে কথা হয়েছে। তবে এই সিদ্ধান্ত একা নেওয়া হবেনা। সকলের মিলিত সিদ্ধান্ত নেওয়া হবে।

আগামী মাসের গোড়াতেই শুরু নিউ গড়িয়া-রুবি মেট্রো

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : কমিশনার অফ রেলওয়ে সেক্টি। সপ্তাহ দুয়েকের মধ্যেই মেলে ছাড়পত্র। তবে তারা তাদের কিছু পর্যবেক্ষণের কথা জানায়। সেইমতো নেওয়া হয়েছে ব্যবস্থাও। কিন্তু তারপর থেকেই এই রুট নিয়ে বিশেষ উচ্চব্যচ শোনা যাচ্ছে না। এপ্রিল মাস শেষ হতে চলেলেও রুট কবে চালু সে সম্পর্কে কোনও দিনক্ষণ জানায়নি কর্তৃপক্ষ। তবে একটি সূত্র মারফত জানা যাচ্ছে, দক্ষিণ-পূর্ব রেলে যে বন্দেভারত এক্সপ্রেস এসেছে, সেটি হাওড়া-পুরী রুটে চলার কথা। দ্রুত শুরু হবে ট্রায়াল। আর মে মাসেই পরিষেবা শুরু করে দেওয়া হতে পারে। সেক্ষেত্রে আগামী মাসের গোড়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আর ওইদিনই এই মেট্রোপথেরও সূচনা হয়ে যেতে পারে। তবে পুরো বিষয়টি এখনও চূড়ান্ত নয়। মেট্রোর তরফে জানানো হয়েছে, রেলবোর্ডের তরফে দিনক্ষণ জানানো হলেই তারা প্রস্তুতি নিয়ে ফেলবে। যাত্রী পরিষেবা সংক্রান্ত যাবতীয় বন্দোবস্ত সেরে রাখা হয়েছে। তৈরি হয়ে গিয়েছে ভাড়ার তালিকাও। কলকাতা মেট্রোর এই কমলা লাইন চলতি বছরের ৩০ জানুয়ারি পরিদর্শন করেন কমিশনার অফ রেলওয়ে সেক্টি। সপ্তাহ দুয়েকের মধ্যেই মেলে ছাড়পত্র। তবে তারা তাদের কিছু পর্যবেক্ষণের কথা জানায়। সেইমতো নেওয়া হয়েছে ব্যবস্থাও। কিন্তু তারপর থেকেই এই রুট নিয়ে বিশেষ উচ্চব্যচ শোনা যাচ্ছে না। এপ্রিল মাস শেষ হতে চলেলেও রুট কবে চালু সে সম্পর্কে কোনও দিনক্ষণ জানায়নি কর্তৃপক্ষ। তবে একটি সূত্র মারফত জানা যাচ্ছে, দক্ষিণ-পূর্ব রেলে যে বন্দেভারত এক্সপ্রেস এসেছে, সেটি হাওড়া-পুরী রুটে চলার কথা। দ্রুত শুরু হবে ট্রায়াল। আর মে মাসেই পরিষেবা শুরু করে দেওয়া হতে পারে। সেক্ষেত্রে আগামী মাসের গোড়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আর ওইদিনই এই মেট্রোপথেরও সূচনা হয়ে যেতে পারে। তবে পুরো বিষয়টি এখনও চূড়ান্ত নয়। মেট্রোর তরফে জানানো হয়েছে, রেলবোর্ডের তরফে দিনক্ষণ জানানো হলেই তারা প্রস্তুতি নিয়ে ফেলবে। যাত্রী পরিষেবা সংক্রান্ত যাবতীয় বন্দোবস্ত সেরে রাখা হয়েছে। তৈরি হয়ে গিয়েছে ভাড়ার তালিকাও। কলকাতা মেট্রোর এই কমলা লাইন চলতি বছরের ৩০ জানুয়ারি পরিদর্শন করেন কমিশনার

অফ রেলওয়ে সেক্টি। সপ্তাহ দুয়েকের মধ্যেই মেলে ছাড়পত্র। তবে তারা তাদের কিছু পর্যবেক্ষণের কথা জানায়। সেইমতো নেওয়া হয়েছে ব্যবস্থাও। কিন্তু তারপর থেকেই এই রুট নিয়ে বিশেষ উচ্চব্যচ শোনা যাচ্ছে না। এপ্রিল মাস শেষ হতে চলেলেও রুট কবে চালু সে সম্পর্কে কোনও দিনক্ষণ জানায়নি কর্তৃপক্ষ। তবে একটি সূত্র মারফত জানা যাচ্ছে, দক্ষিণ-পূর্ব রেলে যে বন্দেভারত এক্সপ্রেস এসেছে, সেটি হাওড়া-পুরী রুটে চলার কথা। দ্রুত শুরু হবে ট্রায়াল। আর মে মাসেই পরিষেবা শুরু করে দেওয়া হতে পারে। সেক্ষেত্রে আগামী মাসের গোড়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আর ওইদিনই এই মেট্রোপথেরও সূচনা হয়ে যেতে পারে। তবে পুরো বিষয়টি এখনও চূড়ান্ত নয়। মেট্রোর তরফে জানানো হয়েছে, রেলবোর্ডের তরফে দিনক্ষণ জানানো হলেই তারা প্রস্তুতি নিয়ে ফেলবে। যাত্রী পরিষেবা সংক্রান্ত যাবতীয় বন্দোবস্ত সেরে রাখা হয়েছে। তৈরি হয়ে গিয়েছে ভাড়ার তালিকাও। কলকাতা মেট্রোর এই কমলা লাইন চলতি বছরের ৩০ জানুয়ারি পরিদর্শন করেন কমিশনার

‘বিচারপতি গঙ্গোপাধ্যায় আমাদের ভগবান, ওনাকে ফেরাতে হবে’, পথে নামার হুঁশিয়ারি চাকরি প্রার্থীদের

প্রাথমিক, উচ্চ প্রাথমিক, গ্রুপ সি, গ্রুপ ডি নিয়োগের দাবিতে ধর্গায় বসেছেন তাঁরা। এদিন সুপ্রিম কোর্টের নির্দেশ সামনে আসার পরই, চাকরি প্রার্থীরা সমন্বরে দাবি তোলেন, বিচারপতি গঙ্গোপাধ্যায়কে এই মামলার শুনানির বেঞ্চে ফিরিয়ে আনতে হবে। এই নির্দেশের পর বহু চাকরি প্রার্থীর চোখে জল, গলা ধরে এসেছে অনেকেরই। এক চাকরি প্রার্থীর কথায়, আমরা খুবই হতশা। আমরা চাই বিচারপতি গঙ্গোপাধ্যায়কে আবার তাঁর বেঞ্চে ফিরিয়ে আনা হোক। তাঁর জন্যই নিয়োগ দুর্নীতির সবটা প্রমাণ হয়েছে। তার জন্য একমাত্র। দীর্ঘদিন ধরে আমরা সুবিচারের অপেক্ষা করছি। আমরা অনেকটা কষ্ট পৌঁছেও গিয়েছি। আমরা চাই ওনাকে ফেরাতে হবে।

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়ের একের পর এক নির্দেশে তাঁকে ‘মসিহা’ করে তুলেছিল চাকরি প্রার্থীদের কাছে। শুক্রবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের বেশ নির্দেশ দিয়েছে, নিয়োগ সংক্রান্ত যা মামলা তা আর সুনামনে না বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। যদিও এখনও স্পষ্ট নয় সমস্ত মামলা বিচারপতি গঙ্গোপাধ্যায়ের বেশ থেকে সরল নাকি অভিযেক সংক্রান্ত মামলা। কারণ আদালতের নির্দেশের কপি হাতে আসেনি। তবে এই সব মামলার অন্যতম আইনজীবী তথা সিপিআইএম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্য টিভি নাইন বাংলাকে বলেন, যতটুকু বুঝেছি তাকে শুধুমাত্র অভিযেকের মামলাটি বিচারপতি গঙ্গোপাধ্যায়ের বেশ থেকে সরানোর নির্দেশ দেওয়া হয়েছে। দেশের প্রধান বিচারপতির এই নির্দেশের পর কী বলছেন চাকরি প্রার্থীরা? দিনের পর দিন নিয়োগের দাবিতে ধর্মতলায় বসে চাকরি প্রার্থীরা।

অ্যাকশান টেকন রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ মুখ্যসচিবের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : রাজ্য সরকার মুখ্যমন্ত্রীর প্রিভাস সেল, দিদির দূত ও দুয়ারে সরকার শিবিরে জমা পড়া সব ধরনের অভিযোগের দ্রুত নিষ্পত্তি করে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে অ্যাকশন টেকন রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী এই মর্মে সব দপ্তরের সচিবদের চিঠি দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। প্রতিটি অভিযোগ ভাল করে খুঁটিয়ে দেখে তার নিষ্পত্তি করতে হবে বলে জানান হয়েছে। প্রয়োজনে যে সব অভিযোগকারীর সঙ্গে টেলিফোনে যোগাযোগ করা যাবে না তাদের বাড়ির ঠিকানায় আধিকারিক পাঠিয়ে যোগাযোগ করার কথা বলা হয়েছে। উল্লেখ্য গত ২৬ তারিখে নবান্নে মুখ্যমন্ত্রীর প্রশাসনিক বৈঠকের জন্য ১৯ এপ্রিলের মধ্যে সব দপ্তরকে রিপোর্ট জমা দেওয়ার কথা বলা হলেও বিভিন্ন দপ্তরের পাঠানো রিপোর্ট অনেক দায়সারী হওয়ায় তাদের আবার রিপোর্ট পাঠানোর জন্য চিঠিতে বলা হয়েছে।

রাজ্যে কোভিডে আক্রান্তের মৃত্যু, পজিটিভিটি রেট ১৪ শতাংশের উপরে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : রাজ্যে আবার কোভিড আক্রান্তের মৃত্যু বেলেঘাটা আইডি হাসপাতালে। গত ২৪ ঘটায় ২ জন কোভিড আক্রান্তের মৃত্যু হল এই হাসপাতালে। শুক্রবার সকাল ৮টা ৫ মিনিট নাগাদ মৃত্যু হয় নন্দন ক্যান্টনমেন্ট সুভাননগরের বাসিন্দা বিদেশ দত্ত (৭৭)-র। হাসপাতাল সূত্রে খবর সিসিইউতে গুরুতর অসুস্থ অবস্থায় চিকিসাধীন ছিলেন তিনি। অন্যদিকে, গতকাল সন্ধ্যা ৬টা নাগাদ মৃত্যু হয়েছে হাওড়া বি গার্ডেনের বাসিন্দা জহরলাল রায়ের। ৬৮ বছর বয়সী ওই ব্যক্তি পারকিনসন রোগে আক্রান্ত ছিলেন। সিভিয়ার কোভিড নিউমোনিয়া নিয়ে তাঁকে বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। প্রসঙ্গত, পরশু দিন একটি ১৫ বছরের কিশোরেরও মৃত্যু হয়েছে কোভিডে।

আরজিকর মেডিক্যাল কলেজ হাসপাতালে মৃত্যু হয় ওই কিশোরের। গোবরডাঙার বাসিন্দা ওই কিশোরকে গত ৮ এপ্রিল ভর্তি করা হয়েছিল আরজিকরে। ক্রনিক কিডনি ডিজিজে আক্রান্ত ছিল কিশোরটি। Rapid অ্যাটিজেন পজিটিভ হয় হাসপাতালের ইমারজেন্সিতে। তারপর ভর্তি নেওয়া হয় কিশোরটিকে। কোভিড নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে কিশোরটি। ২৬ তারিখ

দুপুরে আরজিকরে মৃত্যু হয় তারা। সরকারি পরিসংখ্যান অনুযায়ী, রাজ্যের বর্তমান সক্রিয় করোনা আক্রান্তের সংখ্যা ১,১০২ জন। এদিকে গত ২৪ ঘটায় ১৮ জন করে ৫৩ জন করোনা পজিটিভ হয়েছেন। পজিটিভিটি রেট এখন ১৪ শতাংশের উপরে। এর আগেও করোনা আক্রান্ত হয়ে প্রাণ হারান সুবীর কুমার সাহা নামে ৮০ বছর বয়সী এক ব্যক্তি। উত্তর ২৪ পরগনার দমদমের বাসিগেদা ছিলেন ৮০ বছরের শ্রৌঢ়। করোনা রিপোর্ট পজিটিভ আসার পর, ১৯ তারিখ বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। একদিন পরই ২০ তারিখ রাত ৯টা ১৫ নাগাদ মৃত্যু হয় তাঁরা। এছাড়া বেলেঘাটা আইডি হাসপাতালে আরও দুই মহিলারও মৃত্যু হয়েছে। যারা দুজনও কোভিড পজিটিভ ছিলেন বলেই খবর। একজনের নাম, সুন্দরী ঘোষ। তাঁর বয়স ৯৩ বছর। আর গাঙ্গেও করোনা আক্রান্ত আরতি দাস। বয়স ৯২ বছর। বাড়ি পানিহাটিতে। প্রসঙ্গত, রাজ্যের কোভিড পরিস্থিতি নিয়ে নবান্নে সাংবাদিক বৈঠকে মুখ খোলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যদিও তিনি আশুপ্ত করেন যে পরিস্থিতি নিয়ন্ত্রণেই আছে। হাসপাতালগুলিতে পরিকাঠামো প্রস্তুত আছে। তবে সবাইকে মাস্ক পরে চলার পরামর্শ দেন। আরও বলেন, গরমে অসুখ বাড়ে। তাই নিরাম মেনে চলন। সাবধানে থাকুন। উল্লেখ্য, দিন কয়েক আগেই কোভিড নিয়ে নির্দেশিকা জারি করেছে রাজ্য সরকার। কী নির্দেশিকা : ১) ভিড় এড়িয়ে যান, বিশেষ করে এড়াতে হবে বয়স্ক শিশু ও প্রেগন্যান্ট মহিলাদের ২) এবার ভিড়ে তো বটেই, একটু জনবহুল জায়গায় মাস্ক মাস্ট ৩) নিম্নমিত স্যানিটাইজার এবং সাবান ব্যবহার করুন আগের মতোই, বাচ্চারাও যাতে এটা করে খোয়াল রাখুন ৪) রুমালে মুখ-নাক ঢেকে কাস্তন বা হাটুন, যাত্রান্তে থুতু ফেলবেন না ৫) ঝরে বা সর্পি-কাশিতে ভুগছেন এমন মানুষজনের থেকে সর্কলেই দূরে থাকুন, বিশেষ করে দূরে থাকতে হবে তাঁদের যারা খুব বয়স্ক, যাদের কো-মরবিডিটি রয়েছে এই নিয়ম মানতে হবে প্রেগন্যান্ট মহিলাদেরও। ৬) যারা এখনও কোভিডেরে প্রিক্সনস জোজ নেননি, তাঁরা এবার নিয়ে নিন ৭) আপনি যদি ঝরে ভোগেন, যদি আপনার গলায় ব্যথা হয় বা আপনি সর্পি-কাশিতে ভোগেন তবে কোভিড টেস্ট করতে লজ্জা পাবেন না ৮) যদি আপনার কোভিড ধরা পড়ে তবে ১ সপ্তাহের জন্য আইসোলেশনে চলে যান ৯) যদি আপনার অক্সিজেন স্যাচুরেশন কমে যায় বা শ্বাসকষ্ট হয় তা হলে দ্রুত হাসপাতালে যান বা ডাক্তারের পরামর্শ নিন ১০) শিশুদের বা বড়দের মধ্যেও যাদের পরিস্থিতি জটিল ও রুঁকিপূর্ণ বলে মনে হবে তাঁদের দ্রুত চিকিৎসা করতে হবে ১১) চিকিৎসকের পরামর্শ ছাড়া অ্যান্টিবায়োটিক বা কাফ সিরাপ খাবেন না ১২) প্রয়োজন পড়লে ফোন করুন স্টেট হেল্প লাইনে : ১৪৪১৬।

মালদার স্থুলে জ্বলন্ত ঘটনায় নিরাপত্তা ব্যবস্থা মজবুত করতে উদ্যোগ রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : সম্প্রতি মালদার একটি হাইস্কুলে অস্ত্রশস্ত্র নিয়ে এক ব্যক্তির ঢুকে পড়ার প্রেক্ষিতে রাজ্য সরকার স্কুলগুলির নিরাপত্তা ব্যবস্থাকে মজবুত করার উদ্যোগ নিয়েছে। স্কুলের নিরাপত্তারক্ষী বা দারোয়ানের শূন্যপদে কর্মী নিয়োগের পরিকল্পনা নেওয়া হচ্ছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে । রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রশাসনকে এই বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দেন। এরপরেই রাজ্যের ৯ হাজারের বেশি সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে দারোয়ান পদে নিয়োগের বিষয়ে প্রশাসনিক তৎপরতা শুরু হয়। জানা গেছে স্কুল সার্ভিস কমিশন এর মাধ্যমে স্কুলগুলিতে নিয়োগ প্রক্রিয়া শুরু হওয়ার পরে দারোয়ান পদে কর্মী নিয়োগ বন্ধ করে দেওয়া হয়েছে। ওই পদগুলি ফিরিয়ে আনা যায় কিনা সেই বিষয় খতিয়ে দেখার পাশাপাশি স্থানীয় থানা সাহায্য নিয়ে স্কুলে নিরাপত্তা রক্ষী মোতায়েনের পরিকল্পনা নিয়ে আলোচনা চলছে।

আইপিএলের আগে টিকিটের কালোবাজারি, গ্রেফতার ৫

দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিল : খেলার প্রতি বাঙালির বরাবরই টান রয়েছে। ফুটবল হোক বা ক্রিকেট, উমাদান্ন সবসময়েই তুঙ্গে। আর এখন চলছে আইপিএল-এর মরশুম। তাই এখন কলকাতার ক্রিকেটপ্রেমীদের জন্য বাড়তি উমাদান্ন। টিকিটের চাহিদা তুঙ্গে। চলতি মরশুমে কলকাতায় যে ম্যাচগুলি হয়েছে, সবক’টিতেই ক্রিকেটের নশুনকাননের গ্যালারি ছিল প্রায় হাউজফুল। আর আইপিএল ঘিরে এই উমাদান্নকেই কাজে লাগিয়ে টিকিটের কালোবাজারিতে হাত পাকাতে শুরু করেছে অসাধু এক চক্র। আগামিকাল কলকাতায় আরও একটি ম্যাচ রয়েছে। শনিবার ইডেন গার্ডেনে গুজরাট টাইটানসের সঙ্গে মুম্বাইথান্নি হচ্ছে কলকাতা নায়ট রাইডার্স। আর তাই আগ পুলিশের হাতে পাকড়াও গ্ল্যাকাররা। লালবাজার সূত্রে খবর, আইপিএল ম্যাচের আগে টিকিটের কালোবাজারি করার অভিযোগে পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে দুইজনকে পাকড়াও করা হয়েছে এন্ট্রালি থেকে এবং বাকি তিনজনের মধ্যমানে মহামোড়ান ফেরার আশপাশের চত্বর থেকে ধরা হয়েছে বলে লালবাজার সূত্র মারফত জানা যাচ্ছে। ধৃতদের থেকে মোট ১৭৯ টি টিকিট পাওয়া গিয়েছে বলেও পুলিশ সূত্র মারফত জানা যাচ্ছে। আইপিএল-এর মরশুমে টিকিটের কালোবাজারির প্রবণতা বাড়তেই সতর্ক নজর রাখতে শুরু করেছে পুলিশ প্রশাসনও। কোথাও যাতে টিকিট ঘিরে কোনও বেআইনি কারবার না হয়, তা নিশ্চিত করছে চলছে নজরপাতিও। এরই মধ্যে কলকাতা বনাম গুজরাট ম্যাচের আগে শহরে গ্রেফতার পাঁচ টিকিট গ্ল্যাকার। পুলিশের এই পদক্ষেপকে সাধুবাদ জানান ক্যাঁদার শরবাসী।



আলিপুরদুয়ার ডিভিশনে ক্যান্টারিং ইউনিটের ই-নিলাম		
আলিপুরদুয়ার ডিভিশনে নিম্নলিখিত শ্রেণীভুক্তি ক্যান্টারিং মাইন ইউনিট (জিএইচই) এর মাধ্যমে ক্যান্টারিং ইউনিটের বাসার জন্য ই-নিলামের আয়তন নিম্নোক্ত: নিলাম ক্যান্টারিং লট সি-এবি-জিএইচই-এমএআই-০১-২২-১ হাট নিলাম শুরু সময়কাল ১১:০০ ঘণ্টা; ২০২০ তারিখ ১১:০০ ঘণ্টা; এরপর হাট ১ ঘণ্টিক সাইনসইফি বিঃ যাত্রা; নিলাম ১১-২২		
ক্রমঃ	লট নং./শ্রেণী	লটার বিবরণ
এএ/১	সিএটি১-এবিজি১-জিউপি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-১ এ পৌরীপুর রেলগেজে স্টেশন চ্যানে স্টল-১।
এএ/২	সিএটি১-এবিজি১-জিএকবি-জিএইচই-৪১-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-২ এ ওয়ার রেলগেজে স্টেশন চ্যানে স্টল-২।
এএ/৩	সিএটি১-এবিজি১-কেএকবি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-১ এ বানামাছাওড়ি রেলগেজে স্টেশন চ্যানে স্টল-২।
এএ/৪	সিএটি১-এবিজি১-কেডিবি-জিএইচই-৪১-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-২-৩ তে জগদীশওড়ি রোড রেলগেজে স্টেশন চ্যানে স্টল-২।
এএ/৫	সিএটি১-এবিজি১-জিউপি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-২ এ বানামাছাওড়ি রেলগেজে স্টেশন চ্যানে স্টল-২।
এএ/৬	সিএটি১-এবিজি১-এএএডিবি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-১ এ বানামাছাওড়ি রেলগেজে স্টেশন চ্যানে স্টল-১।
এএ/৭	সিএটি১-এবিজি১-কেএকবি-জিএইচই-৪১-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-২-৩ তে জগদীশওড়ি রেলগেজে স্টেশন চ্যানে স্টল-৩।
এএ/৮	সিএটি১-এবিজি১-জিউপি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-২-৩ তে জগদীশওড়ি রেলগেজে স্টেশন চ্যানে স্টল-৩।
এএ/৯	সিএটি১-এবিজি১-জিউপি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-১ এ পৌরীপুর হাট রেলগেজে স্টেশন চ্যানে স্টল-২।
এএ/১০	সিএটি১-এবিজি১-জিউপি-জিএইচই-৪৩-২২-১ (কোটরি - ক্যান্টারিং মাইন ইউনিট)	সিএক-১ এ পৌরীপুর হাট রেলগেজে স্টেশন চ্যানে স্টল-২।
বসন্তে তারিখ এবং সময়ঃ ১১-০২-২০২০ তারিখ ১০.০০ মিনিট। প্রাথমিক কুড়িৎ অফ সময় হল ৩০ মিনিট। পূর্ণপলট কুড়িৎ বাসার বাবদ ১০ মিনিট। টিকসঃ সন্ধ্যা দলগতদের উত্তর বিজ্ঞাতি জ্ঞাননা জন্য অধিআধিপতি অফ গবেসমিক www.ireps.gov.in -এর ই-নিলাম মডিল্ড ক্যান্টারিং মাধ্যমে করা হবে।		
উত্তর অফ পূর্ব সীমান্ত রেলওয়ে		ডিভার/এস/সি, আলিপুরদুয়ার ডা.
এক টিক অফ অফ পৌর		

গৃহকোণ

বাড়িতে অতিথি এলে যে বিষয়গুলি সতর্ক নিয়ে থাকবেন



বাড়িতে অতিথিকে দেবতুল্য মনে করা হয়। তবে কালের নিয়মে মানুষ পাল্টে গিয়েছে, পাল্টে গিয়েছে অতিথিদের কিছু স্বভাবও। এখন অনেক ক্ষেত্রেই অতিথি অযাচিতভাবে অন্দরমহলে ঢুকে পড়ে। হাসিমুখে তাঁদের স্বাগত জানাতে হয় চিকই, কিন্তু কয়েকটি বিষয় নিয়ে সতর্ক থাকা খুব দরকার। অযাচিত অতিথি বাড়ি ঢুকেই নানা প্রশ্ন করতে থাকবে। কিছু প্রশ্ন বিরক্তিকরও হবে। তবে আপনি মাথা ঠাণ্ডা রাখবেন। আর হাসিমুখে স্পষ্ট ভাষায় জবাব দেবেন। কোনও ব্যক্তিগত প্রশ্নের উত্তর এড়িয়ে যাওয়ার চেষ্টা করবেন। তা যদি একান্ত নাইই করতে পারেন। জানিয়ে দেবেন, সে বিষয়ে আপনি কথা বলতে ইচ্ছুক নন। কিছু মানুষজন বাড়িতে ঢুকেই ভুল খুঁজতে শুরু করে। যে কোনওভাবে আপনাকে খাটো দেখানোর চেষ্টাও করবে। নিজের উপর বিশ্বাস হারাবেন না।তাতে আপনারই ক্ষতি হবে।কিছু অতিথির উপস্থিতি বাড়িতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। হয়তো এমন কোনও মন্তব্য তারা করে ফেলতে পারে যার প্রভাবে গেরহালিতে ঝগড়ার সৃষ্টি হতে পারে। মনে রাখতে হবে হিন্দি ছবি ডায়লগ, ‘খুঁহ তো লোগ কহেঙ্গে’। অতিথিকে বিদায় জানিয়ে তাঁর নেতিবাচক কথাও ভুলে যাবেন। তা নিয়ে অযথা ভাবনাচিন্তা করবেন না। অনেকে আবার বলতে শুরু করেন আপনার কী করা উচিত আর কী করা উচিত নয়। আপনার বিবেক আর যুক্তিই আপনার সবচেয়ে শিক্ষক। সেই অনুযায়ী বিচারবিবেচনা করেই কাজ করলে ভাল ফল পাবেন।



সময় বাঁচাতে ওয়াশিং মেশিনে কাপড় দেন প্রায় সকলেই। কিন্তু দিনের পর দিন কাপড় কাচার পর, ওয়াশিং মেশিনকেও তো পরিষ্কার করা দরকার। ওয়াশিং মেশিন পরিষ্কার করার নিয়ম রয়েছে। ঠিক পদ্ধতিতে পরিষ্কার না করলে, নষ্টও হতে পারে মেশিনটা। কী উপায়ে পরিষ্কার করবেন? দেখে নিন, ওয়াশিং মেশিন দু’ধরনের হয়। টপ লোডিং এবং ফ্রন্ট লোডিং। দুটির ক্ষেত্রে পরিষ্কার করার নিয়ম কিন্তু একেবারেই আলাদা। প্রথমে ওয়াশিং মেশিনে জল ভরে নিন। জলের লেবেল সেরাচ্চ সীমায় বেঁধে দিন। মেশিনে যদি হট ওয়াশের ব্যবস্থা থাকে তাহলে তাতে গরম জল ভরে নিন। যদি এই অপশন না থাকে, তা হলে জল পুরো ভরে কিছুটা জল বের করে, তার জায়গায় গরম জল ঢেলে দিতে হবে। এবার এতে ১০০ মিলিলিটার সাদা ভিনিগার দিয়ে মিনিট দুয়েক ওয়াশ মোড় দিয়েই বন্ধ করে মেশিনের ঢাকনা খুলে রেখে দিন ঘণ্টাখানেক। এই তরলটি ওয়াশিং মেশিনের ভিতরে জমে থাকা জীবাণুদের মারতে সাহায্য করে। পাশাপাশি ভিনিগার, মাইক্রোক্লোরিক অ্যাসিড এবং টুপব্রাশ দিয়ে মেশিনের ট্যব ছাড়া বাকি অংশ পরিষ্কার করে ফেলুন। মেশিন নিজেই জলটা বের করে দেবে। এই নিয়মেই বেকিং সোডা দিয়ে ক্লিনিংও করুন। এই বেকিং সোডার ক্লিনিংও কাজে আসবে। দুটি সাইকেল শেষ হলে মাইক্রোক্লোরিক অ্যাসিড ভিনিগার এবং বেকিং সোডা মেশানো ব্রশে ভিজিয়ে ডুমারি ভাল করে মুছে নিন। ঢাকা খুলে রেখে খোলা হাওয়ার ড্রাম শুকোতে দিন।


পাঁচ উপায়ে নিম্নেয়ে বাসন হবে ঝকঝকে খাবারে পোড়া গন্ধ, চিন্তা না করে দূর করবেন কি কি ভাবে

কড়াই যতই মাজুন না কেন, কালো তে কালোই রয়ে যায়। তাই কি করবেন। ভাবছেন। দেখে নিন- কড়াই মাজার পরিশ্রম তিনগুণ হয়ে যায়। কড়াই মাজতে মাজতে হাত ব্যথা হয়ে গেলেও, কড়াই বেই কে সেই! এরকম ঘটনার সাক্ষী অনেকেই। বিজ্ঞাপন দেখে বাজার থেকে নানারকম বাসন মাজার সরঞ্জাম কিনে আনলেও, কড়াইয়ের কালো ছোপ দূর হয়েই না। কিন্তু জানেন কি, রান্নাঘরেই রয়েছে এমন অনেক জিনিস, যা দিয়ে খুব সহজেই দূর হবে কড়াইয়ের এই কালো ছোপ।

১) কড়াইয়ের পোড়া দাগ তুলতে দারুণ কাজ করে পাতিলেবুর রস। প্রথমে ভাল করে জল দিয়ে ধুয়ে নিন কড়াই। তারপর একটা লেবু কেটে গোটা কড়াইয়ে লেবুটি ভাল করে ঘষে নিন। যাতে কড়াইয়ের গায়ে ভালভাবে লেবুর রস লেগে যায়। কিছুক্ষণ এভাবেই রেখে দিন। এরপর গরম জল দিয়ে ধুয়ে নিলেই, একেবারে ঝকঝকে হয়ে উঠবে আপনার কড়াই।

২) পোড়া কড়াই গ্যাসের ওভেনে রেখে তাতে তিন থেকে চার গ্লাস জল ঢালতে হবে। সেই জলে ২ চা চামচ ডিটারজেন্ট পাউডার, অল্প নুন এবং একটি লেবুর রস যোগ করুন। এবার এই জল ৫ মিনিট ফুটতে দিন। জল ফুটতে ফুটতে নেন পাত্রের কানায় পৌঁছে যায়। শুধু পোড়া দাগই নয়, পাত্রের কণাণা খামটিতে আটকে থাকা ময়লাও পরিষ্কার হয়ে যাবে। ৬) কড়াইয়ে জল ভরতি করুন। তার মধ্যে অল্প পরিমাণ নুন দিন। সঙ্গে যোগ করুন এক চামচ খাবার সোডা। এবার জল গরম করে কড়াইয়ে কিছুক্ষণ রেখে স্ফাবার দিয়ে ঘষে দিন। দেখবেন কড়াই ঝকঝকে হয়ে

যাবে। ৪) পোড়া দাগ তুলতে টম্যাটোর রস দারুণ কাজ দেয়। পোড়া পাত্রে টম্যাটোর রস এবং জল একসঙ্গে নিয়ে ফুটিয়ে নিন। তারপর ডিটারজেন্ট দিয়ে ভাল করে মেজে নিন। খুব সহজেই কড়াই ঝকঝকে হয়ে উঠবে। ৫) রান্নার পরেই জল দিয়ে কড়াই ভিজিয়ে রাখবেন। এতে বাসন মাজতে সুবিধা হবে। বাসন মাজার



করুন। লিকুইড ডিটারজেন্ট ব্যবহার করুন। এতে অনেকদিন বাসন ভাল থাকবে। খাবারে পোড়া গন্ধ, চিন্তা না করে দূর করবেন কি কি ভাবে- অনেকেই রান্না করতে গিয়ে পুড়িয়ে ফেলেন। যদি সম্পূর্ণ রান্নাটি না পুড়ে যায় তবে ফেলে দেওয়ার দরকার নেই। সেই পোড়া গন্ধ তাড়াতে পারবেন। তার জন্য আছে কিছু বিশেষ উপায়। তবে যদি কেবল তলা দিয়ে একটু পুড়ে যায় তাহলে ভাল অংশটা

ঢেলে দিন। কিছুক্ষণ রাখলে ভাতের পোড়া গন্ধ চলে যাবে। ২) যদি কখনও মাংস পুড়ে যায় তবে আগে মাংস এবং আলু আলাদা করে নিন। তারপর অন্য একটি কড়াইতে ভাল করে লাল করে পিয়াজ ভেজে তার মধ্যে আলু আর মাংসের টুকরো দিয়ে কষিয়ে নিন। তাতেই দেখবেন পোড়া দুর্গন্ধ দূর হয়েছে। ৩) অনেকদিন ধরে একই পাত্র ব্যবহার করলে এরকমটা হতেই

ঢেলে দিন। কিছুক্ষণ রাখলে ভাতের পোড়া গন্ধ চলে যাবে। ২) যদি কখনও মাংস পুড়ে যায় তবে আগে মাংস এবং আলু আলাদা করে নিন। তারপর অন্য একটি কড়াইতে ভাল করে লাল করে পিয়াজ ভেজে তার মধ্যে আলু আর মাংসের টুকরো দিয়ে কষিয়ে নিন। তাতেই দেখবেন পোড়া দুর্গন্ধ দূর হয়েছে। ৩) অনেকদিন ধরে একই পাত্র ব্যবহার করলে এরকমটা হতেই

বাংলাদেশকে ১২৫ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক

ঢাকা, ২৮ এপ্রিল : বাংলাদেশকে ১ দশমিক ২৫ বিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা দেবে বিশ্বব্যাংক। বিশ্বব্যাংক গ্রুপের নতুন কান্ট্রি পার্টনারশিপ ফ্রেমওয়ার্কের আওতায় এ ঋণ অনুমোদন দেওয়া হয়। শুক্রবার বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিশ্বব্যাংকের বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালক বোর্ড বাংলাদেশের ১৫ বছর মেয়াদি নতুন কান্ট্রি পার্টনারশিপ ফ্রেমওয়ার্কবহ (সিপিএফ) ৩টি প্রকল্পে ১ দশমিক ২৫ বিলিয়ন (১২৫ কোটি) ডলার ঋণ প্রস্তাব অনুমোদন দিয়েছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এর মধ্যে ৫০০ মিলিয়ন ডলার প্রোগ্রাম অন এগ্রিলাচ্যার অ্যান্ড রুরাল

ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনারশিপ আন্ড রেসিলিয়েন্স প্রকল্পটি কৃষিখাদ্য ব্যবস্থায় বৈচিত্র্য, খাদ্য নিরাপত্তা, উদ্যোক্তা এবং জলবায়ু স্থিতিস্থাপকতা প্রচারে সহায়তা করবে। এছাড়া ৫০০ মিলিয়ন ডলার ফাস্ট গ্রিন অ্যান্ড ক্লাইমেট রেসিলিয়েন্ট ডেভেলপমেন্ট ক্রেডিট দেশটিকে সবুজ ও জলবায়ু স্থিতিস্থাপক উন্নয়ন উত্তরণে সহায়তা করবে। আর ২৫৯ মিলিয়ন ডলার সাসটেইনেবল দি মাইক্রোএন্টারপ্রাইজ অ্যান্ড ট্রান্সফরমেশন প্রকল্প মাইক্রোএন্টারপ্রাইজ সেক্টরকে আরও গতিশীল, কমদুষ্প, দক্ষ

সম্পদ ও জলবায়ু স্থিতিস্থাপক বৃদ্ধির খাতে রূপান্তরে সহায়তা করবে। এ ৩টি প্রকল্প অনুমোদিত হওয়ায়



বাংলাদেশে ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশনের (আইডিএ) মোট চলমান কর্মসূচির পরিমাণ দাঁড়িয়েছে ১৬ দশমিক ৩ বিলিয়ন ডলার। বাংলাদেশে এমআইজিএ’র বর্তমান কর্মসূচি মাত্র ১ বিলিয়ন ডলারের ওপরে।

আইএফসির প্রায় ১ বিলিয়ন ডলারের চলমান প্রোগ্রাম আছে। বিশ্বব্যাংক আরও জানায়, সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং দীর্ঘমেয়াদী পরিবেশ্ফিত পরিকল্পনা ২০২১-৪১ এ কান্ট্রি পার্টনারশিপ ফ্রেমওয়ার্কের (সিপিএফ) আওতাভুক্ত হবে। বিশ্বব্যাংকের এ অর্থ বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে উচ্চমধ্যম আয়ের ধরনের মর্যাদা অর্জনে বাংলাদেশের লক্ষ্যকে সহায়তা করার পাশাপাশি উচ্চ ও টেকসই প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করবে। এছাড়া বেসরকারি খাতে কর্মসংস্থানে সুযোগ সৃষ্টিতে সহায়তা করবে। যার মাধ্যমে আর্থসামাজিক অবদুর্ভুক্তি এবং জলবায়ু ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলা সম্ভব হবে।

পয়লা মে অসমের লালায় সহস্র শিল্পীর ধামাইল নৃত্য প্রদর্শন

হাইলাকান্দি (অসম), ২৮ এপ্রিল : এক সপ্তাহে এক হাজার মহিলা ধামাইল নৃত্য পরিবেশন করবেন। ব্যতিক্রমী এই সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী পঞ্চম মে পরিবেশিত হবে হাইলাকান্দি জেলার অন্তর্গত লালার রুরাল কলেজের মাঠে। অনুষ্ঠেয় কার্যক্রমকে ঘিরে উৎসবমুখর পরিবেশ বিবাজ করছে লালায়। বাংলা নববর্ষ উপলক্ষে আগামী মে দিবসের দিন লালার রুরাল কলেজ মাঠে অনুষ্ঠিত হবে সহস্র শিল্পীর ধামাইল। সমন্বয়ের বার্তাবাহক ব্যতিক্রমী ধামাইলেরে বর্ণাঢ্য আয়োজনে এগিয়ে আছে লায়ল ক্লাব অব লালা এবং বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের লালা আঞ্চলিক সমিতি, একান্ত আপন সাংস্কৃতিক সংস্থা, প্রচেষ্টা ডাল আ্যাকাডেমি, নেটিভ প্রাইড ক্লাব, সরস্বতী কলা নিকেতন,

পাঞ্চজন্য সাংস্কৃতিক সংস্থা, লালা রুরাল কলেজ মহিলা সেল এবং অন্যান্য বিভিন্ন সংগঠন। সহস্র শিলীর ধামাইলের আয়োজনকে ঘিরে লালার সংস্কৃতি মহলে উৎসবমুখর পরিবেশ বিবাজ করছে। শহর এবং শহরতলির বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন সহ বিভিন্ন বয়সের মহিলা সহস্র শিল্পীর এই ধামাইল উৎসবে শামিল হওয়ার আশ্বাস্য। আগে থেকেই লালা অঞ্চলের ঘরে ঘরে ধামাইলের চর্চা হয়ে আসছে বলে এলাকার মানুষ জানান। ফলে লালায় ধামাইল উৎসব আয়োজনের এই খবরে এখানকার লোকেরা সাংস্কৃতিউন্নয়নের মধ্যে খুশি হওয়া বইছে। এই অনুষ্ঠানকে সফল করার জন্য বিভিন্নভাবে প্রস্তুতি চালাচ্ছেন আয়োজকরা। বর্তমানে লালায় বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে বিভিন্ন স্থানে ধামাইলের অনুশীলন

চলছে। পাশাপাশি নিজেদের উদ্যোগে গৃহবধূরা এই অনুষ্ঠানে যোগ দেওয়ার প্রস্তুতি চালাচ্ছেন। লালা রুরাল কলেজের মাঠে এক সপ্ত এক হাজারেরও অধিক শিল্পী বান্ধালি ঐতিহ্যের ধামাইল নৃত্য পরিবেশন করবেন। আপাতত এ নিয়ে এখানকার সংস্কৃতিপ্রেমী মহল রোমাঞ্চিত। ব্যতিক্রমী এই ধামাইল নাচের তালৈ কেমার দেলাবেন হাজার শিল্পী। সংস্কৃতির শহর লালার ইতিহাসে এ ধরনের অনুষ্ঠানে প্রথমবারের মতো আয়োজিত হতে চলেছে বলে আয়োজকরা জানিয়েছেন। লালার এক নৃত্যশিল্পী নচিকেতা নাথ এই ধামাইল উৎসবের আয়োজনকে ঐতিহাসিক বলে দাবি করছেন। নৃত্যশিল্পী লালবিহারী নাথের স্মৃতি বিজড়িত লালা এলাকায় ইদানীকালে সংস্কৃতির চর্চা বৃদ্ধি পেয়েছে বলে

তিনি দাবি করেন। সহস্র শিল্পীর এই ধামাইল আয়োজন এখানকার মানুষের মনে সংস্কৃতি চর্চার প্রসার ঘটাবে বলেও তিনি মনে করেন। লালার আরেক সংস্কৃতি কর্মী এবং অবসরপ্রাপ্ত শিক্ষাধিকারিক জয়লা উল্লিন লস্কর লালার মতো ছোট শহরে সহস্র শিল্পীর ধামাইল পরিবেশনের আয়োজনকে নিঃসন্দেহে বৈপ্লবিক ঘটনা বলে উল্লেখ করেন। তিনি বলেন, সংস্কৃতি চর্চায় লালার অতীত সৌর্য ফিরে আসছে। অতীতে এখানে আয়োজিত বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় অধিবেশনে এই উপত্যকার মানুষ লালার বহুভাষিক সংস্কৃতির বৈচিত্র্যময় রূপ প্রত্যক্ষ করেছিলেন। এবার এই উপত্যকার মানুষকে লালা উপহার দিতে চলেছে বাঙালির ঐতিহ্যের সহস্র শিল্পীর ধামাইল।

শেরে বাংলা এ কে ফজলুল হকের ৬১তম মৃত্যুবার্ষিকী

বাংলাদেশ, ২৮ এপ্রিল :অবিতভ বাংলার মুখ্যমন্ত্রী শেরে বাংলা এ কে ফজলুল হকের ৬১তম মৃত্যুবার্ষিকী আগামীকাল বৃহস্পতিবার ১৯৬২ সালের ২৭ এপ্রিল ঢাকায় মৃত্যুবরণ করেন তিনি। শিক্ষানুরাগী এবং সাম্প্রদায়িক সম্প্রীতির জীবন্ত প্রতীক হিসেবেও ইতিহাসের পাতায় তার রয়েছে গুরুত্বপূর্ণ স্থান।শেরে বাংলা এ কে ফজলুল হক ১৮৭৭ সালের ২৬ অক্টোবর ঝালকাঠি জেলার রাজাপুরের সাতুরিয়া গ্রামের মিঞা বাড়িতে জন্মগ্রহণ করেন। বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে তিনি অবিতভক্ত বাংলার মুখ্যমন্ত্রী, পাকিস্তান কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী, পূর্ব পাকিস্তানের গভর্ণর, যুক্তফ্রঃ ট সরকারের মুখ্যমন্ত্রী, কলকাতা সিটি কর্পোরেশনের প্রথম মুসলিম মেয়র এবং আইনসভার সদস্যসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। ব্রিটিশ বিরোধী আন্ডে দালনেও তার অবদান ছিল। ১৯৪০ সালে তিনি ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপন করেন। তিনি ২১ দফা দাবিরও প্রণেতা ছিলেন। শেরে বাংলার মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে মরছমের কবরে পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ এবং আলোচনা সভা। আগোম্বী লীগের পক্ষ থেকে এদিন সকাল সাড়ে ৮টায় যথায়থভাবে স্বাস্থ্য সুরক্ষা বিধি মেনে মরছমের মাজারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ ও তাঁর আত্মার মার্গফেরাত কামনা করে ফাতেহা পাঠ ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে। বাংলার জাতীয় নেতা আবুল কাশেম ফজলুল হক যিনি শেরে বাংলা এ কে ফজলুল হক নামেই পরিচিত। তার রাজনৈতিক প্রজ্ঞা এবং দূরদর্শিতার জন্য তিনি ছিলেন সুপরিচিত। তিনি ছিলেন অবিতভ বাংলার প্রথম প্রধানমন্ত্রী ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রথম মুসলিম মেয়র। তিনি ছিলেন পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী, পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী, পূর্ব পাকিস্তানের গভর্নর। সর্বভারতীয় রাজনীতির কেন্দ্রবিন্দুতে ছিলেন তিনি। তিনি আপোষহীন ন্যায়মীতি, অসম্মান্য বাকপটুতা আর সাহসিকতার কারণে রাজনৈতিক মহল ও সাধারণ মানুষের কাছে পরিচিত ছিলেন শেরে বাংলা (বাংলার বাঘ) নামে। সর্বভারতীয় রাজনীতির পাশাপাশি গ্রাম



উত্তর-পূর্ব রেলের শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে উপস্থিত শিল্প প্রতিষ্ঠান ও রেলওয়ের প্রতিনিধিরা প্রশাসনিক কর্মকর্তাদের একটি দৃশ্যে জেনারেল ম্যানেজার জনাব চন্দ্র বীর রমন।



ডাঃ শুভঙ্কর হোম,চীফ মেডিক্যাল সুপারিনটেনডেন্ট লিলুয়া-এর নির্দেশনায় ২৫শে এপ্রিল ২০২৩ তারিখে লিলুয়া রেলওয়ে হাসপাতালে বিশ্ব ম্যালেরিয়া দিবস পালিত হয়েছিল।

ডিব্রুগড় টাউন স্টেশন থেকে ট্রেন পরিষেবার আংশিক বাতিল



মালিগাঁও, ২৮ এপ্রিলঃ বিভিন্ন উন্নয়নমূলক ও রেলওয়ে বৈদ্যুতীকীকরণের কাজ গ্রহণের জন্য ডিব্রুগড় টাউন স্টেশনের নিকটে মানকটায় অবস্থিত রোড ওভার ব্রিজ (আরওবি) ভেঙে ফেলে পুনরায় নির্মাণ করা হয়। এই জন্য, ডিব্রুগড় টাউন স্টেশনে ৪ (চার) মাসের ট্রাফিক ও পাওয়ার গ্রুপের প্রয়োজন হবে। এই পরিকাট্যামৌলক কাজ গ্রহণের জন্য ডিব্রুগড় টাউন স্টেশনের পরিবর্তে ডিব্রুগড় স্টেশন থেকে বিভিন্ন ট্রেনের যাত্রা শুরুসমাপ্তও হবে। কিছু অন্য ট্রেনের পরিষেবাও আংশিক বাতিল থাকবে। নিম্নলিখিত ট্রেনগুলির পরিষেবা ডিব্রুগড় টাউনের পরিবর্তে ডিব্রুগড়ে সমাপ্ত করা হবে এবং চাউলখোয়া ও ডিব্রুগড় টাউনের মধ্যে আংশিক বাতিল থাকবে-০৫ মে থেকে ০৪ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত রওনা দেওয়ার জন্য ট্রেন নং. ১২৪২৪ নিউ দিল্লিডিব্রুগড় টাউন রাজধানী এক্সপ্রেস ০৬,০০ ঘট্টায় ডিব্রুগড় পৌঁছাবে। ০৬ মে থেকে ০৫ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত রওনা দেওয়ার জন্য ট্রেন নং. ১৫৬৯১ গুয়াহাটিডিব্রুগড় টাউন নাগাল্যান্ড এক্সপ্রেস ১০,৩০ ঘট্টায় ডিব্রুগড় পৌঁছাবে। ০৭ মে থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত রওনা দেওয়ার জন্য ট্রেন নং. ০৫৯১৫ শিমলগুড়িডিব্রুগড় টাউন প্যাসেঞ্জার স্পেশাল ০৮,৪৫ ঘট্টায় ডিব্রুগড় পৌঁছাবে। নিম্নলিখিত ট্রেনগুলির পরিষেবা ডিব্রুগড় থেকে শুরু হবে এবং ডিব্রুগড় টাউন ও চাউলখোয়ার মধ্যে আংশিক বাতিল থাকবে।ট্রেন নং. ১২৪২৩ ডিব্রুগড় টাউন রাজধানী এক্সপ্রেস ০৭ মে থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত ডিব্রুগড় থেকে ২০,৫৫ ঘট্টায় ছাড়বে। ট্রেন নং. ১৫৬৭০ ডিব্রুগড় টাউনগুয়াহাটি নাগাল্যান্ড এক্সপ্রেস ০৭ মে থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত ডিব্রুগড় থেকে ১৪,০০ ঘট্টায় ছাড়বে। ট্রেন নং. ০৫৯১৬ ডিব্রুগড় টাউন-শিমলগুড়ি প্যাসেঞ্জার স্পেশাল ০৭ মে থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত ডিব্রুগড় থেকে ১৭,৩৫ ঘট্টায় ছাড়বে।

ত্রিপুরায় উৎপাদিত পণ্য জাতীয় এবং আন্তর্জাতিক বাজারে পরিবহন করা যাবে

আগরতলা, ২৮ এপ্রিল : ত্রিপুরায় উৎপাদিত পণ্য জাতীয় এবং আন্তর্জাতিক বাজারে এমবিবি বিমান বন্দরের কার্গো পরিষেবার মাধ্যমে পরিবহন করা যাবে। শুক্রবার আগরতলায় এমবিবি বিমানবন্দরে কার্গো পরিষেবার উদ্বোধনে একথা বলেন ত্রিপুরার পর্যটন ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তার কথায়, ত্রিপুরার যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি সাধনে এবং ভবিষ্যতে অত্যাধুনিক বিমান চলাচল ব্যবস্থাপনা গড়ে তোলার জন্য ওই পরিচল্পনা গ্রহণ করা হয়েছে। এখন থেকে বিমানবন্দরে সুসংহত মডেল কার্গো পরিষেবার সুবিধা পাওয়া যাবে। তার দাবি, পণ্যসামগ্রীর নির্বিঘ্ন পরিবহনের মধ্য দিয়ে ত্রিপুরার অর্থনৈতিক বিকাশে এই কার্গো পরিষেবা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। স্থানীয় ব্যবসায়ীদেরও কার্গো পরিষেবার কারণে সুবিধা হবে।

Name Change
I, Golam Murtuza Mollick (O Golam Moltija Mollick (O Martuja Mollick S/O- Golam Nabi Mollick resident Of Bajerasulpur, P.O.- Amadpur, P.S.- Memari, Dist- Purba Bardhaman, W.B.-713154, shall henceforth be known as 'GOLAM MORTUJA MOLLAICK' vide an affidavit sworn before the notary public at Purba Bardhaman on 28/04/2023

Name Change
I, MARU SEKH is wrongly recorded in my Son's School Certificate, S/O- SEKH JABBAR. Residing at Vill- Patnil, Post- Fewgram, P.S- Kalinaagar, Dist- Birbhum, Pin- 731302, West Bengal. Shall henceforth be known as SEKH NURHUDA. That my name SEKH NURHUDA and MARU SEKH is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, MANTU SHAKIH is wrongly recorded in my Son's School Certificate, S/O- HAYAT SK. Residing at Vill- Haripur, Post- HaripurChhitka, Ps.- Tehatta, Dist- Nadia, Pin- 741163, West Bengal. Shall henceforth be known as MEJBAR SK. That my name MEJBAR SK and MANTU SHAKIH is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, MAHAMMAD NURNABI SK is wrongly recorded in my Aadhaar and Pan Card, S/O- ESAHAH SK. Residing at Vill- BargaraMatajipara, Post- Harhari, Ps- Sagardighi, Dist- Murshidabad, Pin- 742226, West Bengal. Shall henceforth be known as ESAHAH SK. That my name MEJBAR SK and MANTU SHAKIH is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, ASAHAK SK is wrongly recorded in my Son's School Certificate and Son's Voter Card, S/O- ABU SAT-ATAR. Residing at Vill - Bargara- Matajipara, Post- Harhari, Ps- Sagardighi, Dist- Murshidabad, Pin- 742226, West Bengal. Shall henceforth be known as ESAHAH SK. That my name ESAHAK SK and ASAHAK SK is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, AJUL KUDDUS SEKH is wrongly recorded in my Son's Passport, S/O- MULUK CHAND SK. Residing at Vill - Gouripur, Post- Bhairabpur, Ps- Daulatabad, Dist- Murshidabad, Pin- 742302, West Bengal. Shall henceforth be known as MD KUD- DUS SK. That my name MD KUD- DUS SK and AJUL KUDDUS SEKH is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, BAKKAR BISWAS is wrongly recorded in my Passport No- X0886523, S/O- KHEJMAT BISWAS. Residing at Vill - Haripur, Post- HaripurChhitka, Ps- Tehatta, Dist- Nadia, Pin- 741189, West Bengal. Shall henceforth be known as ABUBAKKAR BISWAS. That my name ABUBAKKAR BISWAS and BAKKAR BISWAS is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

Name Change
I, ABDUL KALAM AJAD is wrongly recorded in my Wife Passport No- L1997540, S/O- PATU SK. Residing at Vill - Simulia, Post- Simulia, Ps- Burwan, Dist- Murshidabad, Pin- 742132, West Bengal. Shall henceforth be known as MADUN SK. That my name MADUN SK and ABDUL KALAM AJAD is the same and one Identical Person. Vide an affidavit sworn before the Notary Public at Berhampore Murshidabad.

NAME CHANGE
I, Md. Shahank Biswas, S/o- Kutub Biswas, R/o- Vidyutpur, P.O.Mahampur, P.S.- Bagdhil, Dist- North 24 Pgs. 743232, WB, declare that my father's actual name is Kutub Biswas, which is inadvertently recorded Md. Kutubuddin Biswas in my Madhyamik Pass Certificate, has Corrected this name affidavit from Ld. Executed Magistrate 1st Class, Bongaon, North 24 Pgs. On 02.02.23. So, Kutub Biswas & Md. Kutubuddin Biswas both are the Same & Identical person.
Name Change
I, Sonali Saw (Old Name) W/o Manoj Kumar residing at Aradhana Apartment, A.M.Basu Road, Ward no. 27, Deshbandhu Park, Siliguri, P.S.- Siliguri, Pin-734004 Dist-Darjeeling, have changed my name (henceforth shall known as) Sonali Saw Singha Roy (New Name) Vide affidavit sworn before Notary public at Calcutta on 27.04.23. Sonali Saw and Sonali Saw Singha Roy is the same and one identical person i.e., myself.

ব্রিজভূষণের বিরুদ্ধে এফআইআর-এর সিদ্ধান্ত দিল্লি পুলিশের

নয়াদিল্লি, ২৮ এপ্রিলঃ বিজেপি সাংসদ তথা রেসলিং ফেডারেশন অব ইন্ডিয়ার সভাপতি ব্রিজভূষণ শরণ সিংয়ের বিরুদ্ধে মহিলা কুস্তিগিরদের অভিযোগের ভিত্তিতে তাঁর বিরুদ্ধে এফআইআর নথিভুক্ত করবে দিল্লি পুলিশ। শুক্রবার (২৮ এপ্রিল) সুপ্রিম কোর্টকে জানালেন সলিসিটর জেনারেল তুষার মেহতা। ব্রিজভূষণ শরণের বিরুদ্ধে পদক্ষেপ করার দাবিতে গত কয়েকদিন ধরে নয়া দিল্লির যন্ত্র মন্ত্রের বিক্ষোভ দেখাচ্ছেন কুস্তিগিররা। ব্রিজভূষণের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ করে মহিলা কুস্তিগিরদের দাবের করা একটি আবেদনের শুনানি চলাকালীন, প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং বিচারপতি পিএস নরসিমার বৈধকে দিল্লি পুলিশের এই অবস্থান জানিয়ে সলিসিটর জেনারেল যুক্তি দেন, শুনানির জন্য আবেদনে আর কোনও বিষয় নেই। কিন্তু, আবেদনকারীদের পক্ষে আইনজীবী কপিল সিবালা মহিলাদের সুরক্ষার জন্য আদালতের বিশেষ নির্দেশনা দাবি করেন। কপিল সিবালা বলেন, “আমরা দুটি কারণে চিন্তিত। প্রথমত, নিরাপত্তা। দ্বিতীয়ত, তাঁর (ব্রিজভূষণ) বিরুদ্ধে ৪০টি মামলা রয়েছে।” একইসঙ্গে এদিন আদালতে একটি মুখবন্ধ খাম দেওয়া হল আবেদনকারীদের পক্ষ থেকে। ওই খামে যৌন নিপীড়নের শিকার হওয়া এক নাবাগিকাকে দেওয়া হুমকি চিঠি রয়েছে বলে জানান কপিল সিবালা। সলিসিটর জেনারেল এই অতিরিক্ত নির্দেশিকা পাশের বিরোধিতা করলেও, আদালত আবেদনকারীদের দাবি মেনে নেয়। প্রধান বিচারপতি সলিসিটর জেনারেলের উদ্দেশ্য বলেন, “আপনার এই দাবিকে সমর্থন করা উচিত, তাঁরা মহিলা।” প্রধান বিচারপতি আরও জানান, আদালত এফআইআর বিষয়ে সলিসিটর জেনারেলের বিবৃতি রেকর্ড করবে।

রোনাল্ডোর সঙ্গে সম্পর্কের অবনতির গুঞ্জনে নিয়ে মুখ খুললেন জর্জিনা



রিয়াদ, ২৮ এপ্রিলঃ জর্জিনা রিভেজি আলোনায় থাকার জন্য এক ক্রিস্টিয়ানো রোনাল্ডোই যথেষ্ট। তিনি ৫ বছরের ব্যালন ডি'অরজয়ী পর্ভুগিজ তারকার সঙ্গী, সন্তানের মা-ও। ব্যক্তিগতভাবে পেশাগত জীবনে একজন মডেল ও সামাজিক যোগাযোগমধ্যম ইনফ্লুয়েন্সার। সব সময় পাদপ্রদীপের আলোয় থাকা জর্জিনাকে ঘিরে কিছুদিন পরপরই নানা খবর আসে। কিছুদিন আগে যেমন খবর এসেছিল, রোনাল্ডো তাঁর সঙ্গে সুখী নন। বেশির ভাগ গুঞ্জনের বিষয়ে প্রকাশ্যে মাথা না ঘামালেও এ যাত্রায় চূপ করে থাকেননি রোনাল্ডোর সঙ্গী। আর্জেন্টাইন বংশোদ্ভূত এই স্প্যানিশ মডেল ফ্লোভি প্রকাশ করেছেন সামাজিক যোগাযোগমাধ্যমে। সম্প্রতি নেটট্রিঙ্গে প্রকাশ পেয়েছে “আমি জর্জিনা” সিরিজের দ্বিতীয় অংশ। এখানে ব্যক্তিগত ও পেশাগত জীবনের নানা প্রসঙ্গ সামনে এনেছেন জর্জিনা। সিরিজটি ঘিরে রোনাল্ডো-জর্জিনার মধ্যে কিছুটা হলেও দূরত্ব তৈরি হয়েছে বলে খবর প্রকাশ করে “এল ফুতবোলেয়ো”। বলা হয়, দুজনের মধ্যে সবকিছু ‘ঠিকঠাক নেই’। এরপর স্প্যানিশ টিকটক তারকা অ্যালেল প্রান্লেসে একটি ঘটনা সামনে আনলে গুঞ্জন আরও ডালপালা ছড়ায়। অ্যালেল জানান, কিছুদিন আগে ব্যক্তিগত বিমানে ওড়ার সময় রোনাল্ডো-জর্জিনার মধ্যে তর্কাতর্কি হয়েছে। ঘটনার সময় আরও কয়েকজন সেখানে উপস্থিত ছিলেন। ক্ষুব্ধ জর্জিনা নাকি সেদিন বিমানে কারও সঙ্গে কথাও বলেননি। এসব নিয়ে স্পেনের কয়েকটি সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়। উঠে আসে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোনায়ও। রোনাল্ডোর সঙ্গে ‘সুখী নন’ জর্জিনা-এমন খবর পছন্দ হয়নি জর্জিনার। মানুষের মধ্যে জল্পনাকল্পনা বাড়ুক, তা-ও চাননি। রোনাল্ডোর সঙ্গে সম্পর্কের অবনতির গুঞ্জনকে উড়িয়ে দিতে তাই ইনস্টাগ্রামের দ্বারস্থ হয়েছেন জর্জিনা। রাতের আকাশের একটি ছবি পোস্ট করে, সঙ্গে গানের কয়েকটি লাইন জুড়ে দিয়েছেন। মার্কিন সংগীতশিল্পী রোমিও আস্তোসের ‘ইফ আই ডাই’ গান থেকে নেওয়া কথাগুলো এ রকম-পরশ্রীকাতরদের কাজ গুজব তৈরি করা, রটনাকারীরা সেটা ছড়িয়ে দেয় আর বোকারা সেটা বিশ্বাস করে। ক্যাপশনে কারও নাম বা বিষয় উল্লেখ নেই। তবে কথাগুলো যে সম্প্রতি ছড়িয়ে পড়া গুঞ্জনের জবাব, তা না বললেও চলে।

টানা তৃতীয় চ্যাম্পিয়ন্স লিগ ফাইনালে বার্সেলোনা

বার্সেলোনা, ২৮ এপ্রিলঃ টানা তিন বার! মহিলাদের চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে জয়গা করে নিল বার্সেলোনা। গত বার রানার্স হলেও তার আগের বার চ্যাম্পিয়ন হয়েছিল বার্সেলোনা মহিলা ফুটবল টিম। বার্সেলোনা পুরুষদের ফুটবল টিম শেষ বার ফাইনালে উঠেছিল ২০১৪-১৫ মরসুমে। টুফিও জিতেছিল তারা। এর পর থেকে চ্যাম্পিয়ন্স লিগে টুফি খরা চলছে। তবে মহিলাদের টিম দুর্দান্ত পারফরম্যান্স করেই চলেছে। এ বার অনবদ্য পারফরম্যান্স এবং ফাইনালের হুয়াটট্রিক করল বার্সেলোনা মহিলা ফুটবল টিম। সেমিফাইনালের দ্বিতীয় লেগে ন্যু ক্যাম্পে ৭২ হাজার সমর্থকের সামনে চেলসির বিরুদ্ধে ১-১ ড্র করে বার্সেলোনা। যদিও প্রথম লেগের ম্যাচে এই চেলসির বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে ১-০ ব্যবধানে হারিয়েছিল বার্সেলোনা। ফলে ২-১ এগ্রিগেটে ফাইনাল নিশ্চিত করল তারা। মেয়েদের



চ্যাম্পিয়ন্স লিগ ফাইনালে বার্সেলোনার ফাইনালিস্টের ফফসসালা হবে। বার্সেলোনা গত সামনে আর্সেনাল কিংবা উল্ফসবার্গকে দেখা যাবে। উল্ফসবার্গের ঘরের মাঠে ২-২ ড্র করেছে আর্সেনাল। দ্বিতীয় লেগেই দ্বিতীয় হারিয়ে প্রথম বার চ্যাম্পিয়ন্স লিগ জিতেছিল

বার্সেলোনা মহিলা ফুটবল দল। এ বার ৩ জুন নেদারল্যান্ডসের এম্পোভানে ফাইনাল। চেলসির বিরুদ্ধে সেমিফাইনালের প্রথম লেগে গ্রাহাম হানসেনের এক মাত্র গোলে জিতেছিল বার্সেলোনা। ঘরের মাঠে দ্বিতীয় লেগের ম্যাচেও তাঁর গোলেই এগিয়ে যায় বার্সেলোনা। ৬৩ মিনিটে গোল করে দলকে এগিয়ে দেন গ্রাহাম হানসেন। ৬৭ মিনিটে সমতা ফেরায় চেলসি। যদিও ২-১ এগ্রিগেটে শেষ অবধি ফাইনাল নিশ্চিত করে বার্সেলোনা। গ্যালারিতে ৭২ হাজার সমর্থক বার্সেলোনাকে বাডতি তাগিদ জুগিয়েছিল এ বিষয়ে সন্দেহ নেই। তেমনিই চেলসিকে চাপে ফেলেছিল বিপুল সংখ্যক দর্শকই। বার্সেলোনার ফুটবলার আইতানা বোনামেডি বলেন, “মরসুমের শুরু থেকে আমাদের প্রাথমিক লক্ষ্য ছিল ফাইনালে পৌঁছানো। এই অবধি আমরা পৌঁছানো। পরবর্তী লক্ষ্য নিঃসন্দেহে চ্যাম্পিয়ন হওয়া।”

মেসি, সুনীলরা দলবদলে ঘোর সমস্যায় পড়তে পারেন!

দুরন্ত বার্তা প্রতিবেদন

ফুটবলারদের এজেন্ট হতে বাধ্যতামূলক ভাবে পরীক্ষা দেওয়ার নিয়ম চালু করেছে ফিফা। সেই পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে সম্প্রতি। শোচনীয় ফলাফল দেখে হতাশ সর্কলেই। ফিফা জানিয়েছে, অর্ধেকের মতো পরীক্ষার্থী ব্যর্থ হয়েছেন। ফিফার রিপোর্ট অনুযায়ী, গোটা বিশ্বের মোট ৬৮০০ জন পরীক্ষা দিয়েছিলেন। তার মধ্যে পাশ করেছেন ১৯৬২ জন। অর্থাৎ, মাত্র ৫২ শতাংশের কাছাকাছি সফল হয়েছেন। ফুটবলারদের এজেন্টদের পরীক্ষা দেওয়ার নির্দেশ দিয়ে অবশ্য সমালোচনার মুখে পড়েছে ফিফা। প্রতি বছর এজেন্টরা কোটি কোটি টাকা উপার্জন করেন খেলোয়াড়দের ট্রান্সফার বাবদ। নতুন নিয়মে



অনেকেই ফিফার পরীক্ষায় পাশ না করলে ফুটবলারদের এজেন্ট হতে পারবেন না। তবে যারা ক্রিস্টিয়ানো রোনাল্ডোর মতো উচ্চমানের ফুটবলারদের এজেন্ট, তাঁদের

পরীক্ষা দিতে হবে না। তবে এজেন্টদের দাবি, ফিফার পরীক্ষায় পাশ করলেও তাঁদের আয় অনেকটাই কমে যাবে। দ্বিতীয় রাউন্ডের পরীক্ষা হবে সেপ্টেম্বরে।

নমনীয়তার সঙ্গে বিষয়টি দেখুন, কুস্তিগিরদের পাশে দাঁড়িয়ে বার্তা সোনার ছেলে নীরজের

নয়াদিল্লি, ২৮ এপ্রিলঃ কুস্তিগিরদের পাশে এ বার সোনা জয়ী অ্যাথলিট নীরজ চোপড়া। এক দিন আগেই ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি পিটি উষা কড়া ভারী দিয়েছিলেন কুস্তিগিরদের। ভারতীয় কুস্তি সংস্থার সভাপতির বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগে ফের প্রতিবাদে রাস্তায় নেমেছেন দেশের কুস্তিগিররা। বিষয়টিকে ভালো ভাবে নেননি ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি। যার ফলে অনেকেই দেশের অন্যতম সফল অ্যাথলিট তথা অলিম্পিক সংস্থার সভাপতির বিরুদ্ধে বিদ্রোহ জানাচ্ছেন। অলিম্পিকে ব্যক্তিগত ইভেন্টে ভারতের দ্বিতীয় সোনা জয়ী অ্যাথলিট জ্যোতিন শ্রোয়ার নীরজ চোপড়া এ প্রতিবাদকে যে ভাবে কড়া ভাষায় সমালোচনা করেছেন ভারতীয়

দেশের প্রথম অলিম্পিক সোনা জয়ী নীরজ অনুরোধ করেছেন, বিষয়টিকে নমনীয়তার সঙ্গে দেখার। ভারতীয় কুস্তি সংস্থার সভাপতির বিরুদ্ধে



ফ্লোভি দীর্ঘ দিনের। যদিও এই সমস্যার কোনও সমাধান বেরোয়নি। ফলে পুনরায় প্রতিবাদে রাস্তায় নামার সিদ্ধান্ত নেন ভারতীয় কুস্তিগিররা। এর মধ্যে তারকা কুস্তিগিররাও রয়েছে। কিন্তু তাদের এই প্রতিবাদকে যে ভাবে কড়া ভাষায় সমালোচনা করেছেন ভারতীয়

প্রত্যেকের উচিত গুণের পাশে দাঁড়ানো। এটা আমাদের কর্তব্য। এর সঙ্গে প্রতিটা অ্যাথলিটের সম্মান জড়িয়ে। যা হয়েছে, তা কখনোই কোনও অ্যাথলিটের সঙ্গে হওয়া কামা নয়।” ভারতীয় অলিম্পিক সংস্থার প্রেসিডেন্ট পিটি উষা কয়েক প্রজন্মের অ্যাথলিটদের কাছে আহ্বান। তবে তার মন্তব্য অ্যাথলিটদের মধ্যে ঝড় তুলেছে। পিটি উষা মন্তব্য করেছেন, কুস্তিগিরদের রাস্তায় নেমে প্রতিবাদ দেশের ভাবমূর্তি নষ্ট করছে। এর ২৪ ঘণ্টার মধ্যেই নীরজ চোপড়ার বার্তা, ‘এটা খুবই স্পর্শকাতর বিষয়। নমনীয়তা এবং কোনওরকম পক্ষপাতবৃত্তি না হয়ে স্বচ্ছতার সঙ্গেই বিষয়টি দেখা উচিত। সংস্থার উচিত, ক্রত এই বিষয়ে ইন্সপেক্ট করা এবং ন্যায়বিচার করা।’

২৪ বছর পর বন্ধ হচ্ছে বার্সা টিভির সম্প্রচার

বার্সেলোনা, ২৮ এপ্রিলঃ বার্সেলোনার সভাপতি তখন জোসেপ লুইস নুয়েজ। তাঁর মনে হয়েছিল ক্লাবের একটি নিয়ন্ত্রণ টেলিভিশন চ্যানেল থাকা দরকার। সেই ভাবনা থেকে ১৯৯৯ সালের জুলাইয়ে যাত্রা শুরু করেছিল বার্সা টিভি। সেই বার্সা টিভির ২৪ বছরের পথচলা খেমে যাচ্ছে এবার। বার্সেলোনা কাল এক বিবৃতিতে জানিয়েছে, টেলিভিশন চ্যানেল বার্সা টিভির কার্যক্রম বন্ধ হয়ে যাচ্ছে। বার্সা টিভির সম্প্রচার যে সংস্থার মাধ্যমে হতো, সেই টেলিকোমিকার সঙ্গে চুক্তি নবীকরণ করা হচ্ছে না বলে জানিয়ে দিয়েছে বার্সেলোনা। স্পেনের সংবাদমাধ্যমের খবর, আর্থিক সংকটে পড়া বার্সেলোনা ব্যয় কমানোর জন্যই এটা করছে। বার্সা টিভির ঘনিষ্ঠ এক সূত্র সংবাদ সংস্থা এএফপিকে জানিয়েছে, এর ফল প্রায় ১৩০ জন মানুষ চাকরি হারাবেন। বার্সা টিভি বন্ধ হওয়ার পর ক্লাবটি তাদের প্রোডাকশন কোম্পানি বার্সা স্টুডিওসকে অনলাইন স্ট্রিমিংয়ের জন্য কাজে লাগাবে। এর আগে বার্সেলোনা বার্সা স্টুডিওসের ২৪.৪ শতাংশ শেয়ার বিক্রি করে দিয়েছিল। সেই বিক্রির মাধ্যমে ২০ কোটি ইউরো অর্থও পেয়েছে তারা। সেই অর্থ দিয়ে রবার্ট লেভানডফস্কিসহ আরও খেলোয়াড় কিনেছে বার্সেলোনা।

পারিবারিক কারণে দেশে ফিরলেন লিটন দাস, আর কি ফিরবেন?



দুরন্ত বার্তা, কলকাতা, ২৮ এপ্রিলঃ কলকাতা নাইট রাইডার্সে মরসুমের শুরুতে যোগ দিতে পারেননি বাংলাদেশের দুই ক্রিকেটার। সাকিব আল হাসান এবং লিটন দাসকে নিয়ে আগ্রহ ছিল তুঙ্গে। বাংলাদেশ বোর্ড থেকে এনওসি পেতে দেরি হয়। প্রথম দু-ম্যাচে পাওয়া যায়নি কিপার ব্যাটার লিটনকে। সাকিব আল হাসান ব্যক্তিগত কারণে আইপিএল থেকেই নাম তুলে নেন। যদিও মনে করা হচ্ছে, বাংলাদেশে বোর্ডের সঙ্গে দ্বন্দ্বের জেরেই সাকিব আর আসেননি। কিপার ব্যাটার লিটন দাস এলেও সুযোগ পান মাত্র এক ম্যাচে। আইপিএল এবং কেকেআরে অভিষেক সুখের হয়নি লিটনের। দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে অভিষেকে ৪ রান। সবচেয়ে অশ্রুতির কারণ ছিল উইকেট কিপিংয়ে। লো-স্কোরিং ম্যাচে বোলিং আক্রমণের সৌজন্যে একটা সময় জয়ের স্বপ্নও দেখতে শুরু করে কেকেআর। কিন্তু লিটনের জোড়া স্ট্রাইকিং মিস সেই স্বপ্নে জল ঢালে। এ বার দেশে ফিরে গেলে বাংলাদেশের উইকেট কিপার-ব্যাটার। টানা চার ম্যাচ হারের পর গত ম্যাচে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরকে হারিয়েছে কেকেআর। এর মধ্যে চাপ বাড়ল নতুন করে। এ দিন সকালেই দেশে ফিরেছেন লিটন। কবে ফিরবেন, বলতে পারছে না কেকেআর শিবিরও। কিছুক্ষণ আগেই সাংবাদিক সম্মেলন শেষে কেকেআরের মিডিয়া ম্যানেজার বলেন, “পরিবারে মেডিক্যাল এমার্জেন্সি থাকায় দেশে ফিরে যেতে হয়েছে লিটনকে। আজ সকালেই ঢাকা গিয়েছে লিটন। কটন সময়ে পরিবারের পাশে দাঁড়ানো জরুরি।” কবে ফিরবেন, এই প্রশ্নের জবাব অবশ্য দিতে পারলেন না। এক ম্যাচ খেলে আর সুযোগ না পাওয়া লিটন আদৌ ফিরবেন কিনা, তা নিয়েই খোঁয়াশা তৈরি হল। গুজরাট টাইটান্স ম্যাচের আগে সাংবাদিক সম্মেলনে আসেন কেকেআরের সহকারী কোচ জেমস ফস্টার। আন্দ্রে রাসেলের ব্যাটিং ফর্ম ক্রমশ অস্বস্তি হয়ে দাঁড়াচ্ছে কলকাতা নাইট রাইডার্সের জন্য। একই ভাবে স্পিনার সুনীল নারিনের বোলিংও সিস্তার অন্যতম কারণ। কেকেআরের সহকারী কোচ অবশ্য বলছেন, “রাসেলের ব্যাটিং ফর্ম নিয়ে আমরা একে বারোই চিন্তিত নই। আর নারিনের ক্ষেত্রে বলব, খেলায় এমন ওটা-নামা থাকেই। ও উইকেট নিতে না পারলেও প্রতিপক্ষের ওপর চাপ তৈরি করছে। সে কারণেই আমরা খুব বেশি ভাবছি না।”

‘বিয়েতে ডামস্ফ্লোর মাতাবেন’-রকস্টার রিক্কুকে কথা দিয়েছেন কিং খান!

দুরন্ত বার্তা প্রতিবেদন

বলিউডের বাদশা এখন তাঁর ফ্যান। বছর খানেক আগেও ছবিটা ছিল অন্যরকম। সুযোগ পাওয়ার অপেক্ষায় তিনি নিভুতে নাইট শিবিরে নিজেকে উজাড় করে দিতেন। চলতি আইপিএলে কেকেআর দেখেছে তাঁদের নয়া যোদ্ধার কীর্তি। শুধু নাইট মালিক শাহরুখ খানেরই নয়, কেকেআর ফ্যানদেরও নায়কের মণি হয়ে উঠেছেন রিক্কু সিং। এ বারের আইপিএলে গুজরাট টাইটান্সের বিরুদ্ধে কেকেআরের রিক্কু সিং শেষ ওভারে টানা ৫ বলে ৫ ছক্কা হাকিয়ে দলকে জিতিয়ে রাতারাতি লিহমলাইউৎ এসেছিলেন। রিক্কু শুধু ওই একটি ম্যাচে অবিশ্বাস্য ইনিংস খেলে দমে যাননি। বরং প্রতিটা ম্যাচেই তিনি নিজের ছাপ রেখে যাচ্ছেন। রিক্কুর প্রশংসায় পঞ্চমুখ একাধিক ক্রিকেটার থেকে সমর্থন। সদা রিক্কু জানিয়েছেন, ওই অবিশ্বাস্য ইনিংসের পর তাঁকে নাইট মালিক শাহরুখ খান কথা দিয়েছেন তিনি তার বিয়েতে নাচ করবেন। যা তিনি জীবনেও কল্পনা করেননি। এত বড় মনের মানুষ কিং খান যখন তাঁর পাশে রয়েছেন, তখন সব কিছুই সম্ভব। সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় এক ভিডিয়ো ভাইরাল হয়েছে। যেখানে দেখা গিয়েছে, ম্যাচের শেষে ক্রিকেট বিশেষজ্ঞরা রিক্কু সিংকে প্রশ্ন করেন, ৫ বলে ৫ ছক্কা মারার পর শাহরুখ খানের কাছ থেকে কী বার্তা এসেছিল। কারণ, রিক্কুকে নিয়ে ম্যাচের পর বিশেষ টুইট করেছিলেন শাহরুখ। তাই পাঠানের এক মিমও ভিগ



ভাইরাল হয়ে যায়। গুজরাট টাইটান্সের বিরুদ্ধে কেকেআরে রুদ্রদ্বার্স জয়ের পর রিক্কুর প্রশংসা করেছিলেন শাহরুখ। সোশ্যাল মিডিয়ায় তিনি পাঠান সিনেমার এক পোস্টারে নিজের মুখের জায়গায় রিক্কুকে রেখে এক ছবির ক্যাপশনে লিখেছিলেন, ‘ঝুমে জো রিক্কু। মাই বেবি রিক্কু সিং ও নীতেশ, ডেজটেশ তোমরা দুর্দান্ত। আর অবশ্যই নিজদের উপর বিশ্বাস রেখো, ওটাই সব। অভিনন্দন কলকাতা নাইট রাইডার্স আর ডেভি মাইসোর স্যার নিজের হার্টের খেলায় রাখবেন।’ ২৬ এপ্রিল আরসিবির ঘরের মাঠে কেকেআরের ম্যাচ ছিল। তাতে ২১ রানে জেতে কেকেআর। ওই ম্যাচের পরই রিক্কু জানান, শাহরুখ খান তাঁকে জানিয়েছেন তার বিয়েতে তিনি নাচ করবেন। আসলে রিক্কু বলেন, “ওই ম্যাচের পর আমাকে ফোন করেছিলেন শাহরুখ স্যার। আমার বিয়ের ব্যাপারে জিজ্ঞাসা করেছিলেন। তারপর বলেন, ‘অনেকেই আমাকে তাদের বিয়েতে ডাকে। আমি যাই না। তবে আমি তোমার বিয়েতে যাব। আর জমিয়ে নাচ করব।’”

রাহানে ভাল খেলেছে জাতীয় দলে ফিরেছেন ঋদ্ধি

দুরন্ত বার্তা প্রতিবেদন

অজিঙ্ক রাহানে জাতীয় দলে প্রত্যাবর্তন করেছেন। গত বছর শ্রীলঙ্কার বিরুদ্ধে ঘরের মাঠে টেস্ট সিরিজে বাদ পড়েছিলেন অজিঙ্ক রাহানে ও চেনেস্তর পূজারা। অনেকগুলো সিরিজ কেটে গিয়েছে। পূজারা ফিরলেও রাহানেকে অপেক্ষা করতে হয়েছে এতগুলো মাস। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল স্কোয়াডে জায়গা করে নিয়েছেন রাহানে। আইপিএলে বিশ্বব্রী পারফরম্যান্সের কারণেই তাঁর কামব্যাক হয়েছে বলে মনে করা হচ্ছে। শ্রেয়স আইয়ার ফিট থাকলে রাহানের হয়তো প্রত্যাবর্তন হত না। এখানেই প্রশ্ন। ক্রাইসিস মুহূর্তে রাহানে ফিরলে ঋদ্ধিমান সাহা নন কেন? ঋষভ পন্থের গুরুতর চোট। রিহাভ শুরু করলেও আদৌ তিনি কবে মাঠে ফিরবেন, নিশ্চয়তা নেই। এমন পরিস্থিতিতে ঋদ্ধিকে কি অন্তত ফাইনালের জন্য ফেরানো যেত না? ঋদ্ধি কী বলছেন। এ বিষয়ে সাংবাদিক সম্মেলন শুরুর আগেই গুজরাট টাইটান্সের মিডিয়া ম্যানেজারের তরফে জানিয়ে দেওয়া হয়, আইপিএলের বাইরে কোনও প্রশ্ন করা যাবে না। ঋদ্ধিমান সাহাকে কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে ম্যাচ নিয়ে নানা প্রশ্নই করা হয়। তবে রাহানের



রিক্কুর ছিল। ও ভালো খেলেছে। যশ দয়াল ইয়র্কার ট্রাই করেছিল, কোনও ভাবে হয়নি। আমরা সেই ম্যাচ নিয়ে আর ভাবছি না। বরং, গত দু-ম্যাচে যেভাবে ভালো খেলেছে, সেই ছন্দটা ধরে রাখতে চাই।” এ বারের মরসুমে ঋদ্ধিমান সাহা অনবদ্য ফর্মে রয়েছেন। দলকে ভালো শুরু দিলেও তাঁর কাছ থেকে বড় ইনিংস আসছে না। ঋদ্ধির কথাযা, “আমার কাজ দলে অবদান রাখা। কত রান করলাম, সেটা জরুরি নয়। ব্যক্তিগত লক্ষ্য নিয়ে ভাবছি না। দলের জন্য অবদান রাখতে চাই। দলকে একটা ভালো স্টার্ট দিতে পারলে, তাতেই খুশি হবে।”



সব খবর সবার আগে, বাংলায়

Download The App Now



ডাউনলোড করতে স্ক্যান করুন